১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

# দৈনিক এই আমার দেশ

Daily Eai Amar Desh | e-paper.eaiamardesh.com | www.eaiamardesh.com

রবিবার | ঝিনাইদহসহ খুলনা বিভাগীয় সংস্করণ | বর্ষ ৩২ ॥ সংখ্যা ২০৩ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ২৩ শ্রাবণ ১৪৩০ ॥ ১৮ মহররম ১৪৪৫ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা | ০৬ আগস্ট ২০২৩






## দেশের রাজনীতিতে বিএনপি ভয়ঙ্কর বিষফোঁড়া



**নিজস্ব প্রতিবেদক :** দেশের রাজনীতিতে বিএনপি ভয়ঙ্কর বিষফোঁড়া বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।

তিনি বলেন, বাংলাদেশের রাজনীতিতে ভয়ঙ্কর এক বিষফোঁড়া হচ্ছে বিএনপি।

## ৫ বছর রাজনীতি করতে পারবেন না ইমরান খান



**আন্তর্জাতিক ডেস্ক :** পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানকে ৩ বছরের কারাদণ্ড দিয়েছেন দেশটির আদালত। তোষাখানা মামলায় ইসলামাবাদের একটি আদালত এ সাজার ঘোষণা দেন। একইসঙ্গে তাকে ৫ বছরের জন্য সক্রিয় রাজনীতি থেকে দূরে থাকার নির্দেশ দিয়েছেন আদালত।

## জোরপূর্বক নির্বাচন করতেই ডিসি-এসপিদের রদবদল ও পদোন্নতি



**নিজস্ব প্রতিবেদক :** আওয়ামী লীগ আবার পাঁয়তারা করে যাচ্ছে, আগের মতো নির্বাচন করে তারা ক্ষমতায় যেতে চাচ্ছে বলে অভিযোগ করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, তারা ডিসি-এসপি রদবদল, প্রশাসনিক কর্মকর্তাদের পদোন্নতিড় এগুলো দিয়ে যাচ্ছে ২-এর পাতায় দেখুন

## শেখ কামাল জাতীয় ক্রীড়া পরিষদ পুরস্কার দিলেন প্রধানমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ক্রীড়া অঙ্গনে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ ১০ জন ক্রীড়া ব্যক্তিত্ব ও দু'টি প্রতিষ্ঠানকে শেখ কামাল জাতীয় ক্রীড়া পরিষদ (এনএসসি) পুরস্কার-২০২৩ প্রদান করেছেন।

গতকাল সকালে নগরীর ওসমানী স্মৃতি মিলনায়তনে এক অনুষ্ঠানে তিনি পুরস্কার প্রাপ্তদের হাতে পুরস্কার তুলে দেন।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৪তম জন্মবার্ষিকী উপলক্ষে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এই অনুষ্ঠানের আয়োজন করে।

কিংবদন্তি হকি খেলোয়াড় এবং বাংলাদেশ জাতীয় হকি দলের প্রথম অধিনায়ক ২-এর পাতায় দেখুন

# আজ আওয়ামী লীগের বর্ধিত সভায় শেখ হাসিনা যে বার্তা দেবেন



**নিজস্ব প্রতিবেদক :** ক্ষমতাসীন আওয়ামী লীগের 'বর্ধিত সভা' আজ। এদিন সকাল সাড়ে ১০টায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারি বাসভবন গণভবনে এ সভা হবে। এতে সভাপতিত্ব করবেন আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

বর্ধিত এই সভায় আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী জাতীয় নির্বাচনের প্রস্তুতি নিতে তৃণমূলের নেতাদের নির্দেশনা দেবেন বলে দায়িত্বশীল সূত্রগুলো নিশ্চিত করেছে।

দলটির যুগ্ম সাধারণ সম্পাদক বাহাউদ্দিন নাছিম বলেছেন, নির্বাচনের প্রস্তুতি নিতে তৃণমূলের নেতাদের নির্দেশনা দেবেন সভাপতি শেখ হাসিনা।

আওয়ামী লীগের এ যুগ্ম সাধারণ সম্পাদক বলেন, জনগণ যাতে ভোটকেন্দ্রে স্বস্তিতে এসে ভোট দিতে পারে, সেই পরিবেশ রক্ষার জন্য আওয়ামী লীগের নেতাকর্মীদেরও দায়িত্ব আছে। সে কাজগুলো কীভাবে করা হবে, সে বিষয়টিও কিন্তু আমাদের নেত্রী এ বর্ধিতসভায় পরামর্শমূলক, দিকনির্দেশনামূলক বক্তব্য দেবেন।

এদিকে গণভবনে ৬ আগস্ট অনুষ্ঠেয় বর্ধিতসভা কেন্দ্র করে সাম্প্রতিককালের সবচেয়ে বড় সাংগঠনিক জমায়েতের প্রস্তুতি নিয়েছে আওয়ামী লীগ। এ সভায় নির্বাচন ও বিএনপির একদফার আন্দোলনকে সামনে রেখে দলীয় নেতা এবং ২-এর পাতায় দেখুন

## আজ ভারত সফরে যাচ্ছেন আওয়ামী লীগের ৫ নেতা

**নিজস্ব প্রতিবেদক :** আজ রবিবার ড. আব্দুর রাজ্জাকের নেতৃত্বে ভারত সফরে যাচ্ছেন আওয়ামী লীগের পাঁচ শীর্ষ নেতা। এই পাঁচ জনের মধ্যে রয়েছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ, সাংগঠনিক সম্পাদক সুজিত রায় নন্দীসহ দুইজন নারী সংসদ সদস্য। আওয়ামী লীগের দায়িত্বশীল সূত্র বাংলা ইনসাইডারকে বিষয়টি নিশ্চিত করেছেন। এই সফরে আওয়ামী লীগ ২-এর পাতায় দেখুন

## ৪২তম বিসিএস নন-ক্যাডারে সুপারিশ পেলেন ১৭ জন

**নিজস্ব প্রতিবেদক :** ৪২তম বিশেষ বিসিএসে উত্তীর্ণ কিন্তু পদ স্বল্পতার কারণে ক্যাডার পদে সুপারিশপ্রাপ্ত নন, এমন প্রার্থীদের মধ্য থেকে নন-ক্যাডার পদে ১৭ জনকে সাময়িকভাবে সুপারিশ করেছে সরকারি কর্ম কমিশন (পিএসসি)।

পিএসসির এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, নিয়োগ (বিশেষ) বিধিমালা ২০২৩ অনুযায়ী, জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাধ্যমে প্রাপ্ত শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম অধিদপ্তরের নবম গ্রেডের মেডিকেল অফিসারের ১৭টি পদে এসব প্রার্থীকে সুপারিশ করা হয়েছে।

সুপারিশ পাওয়া প্রার্থীদের রোল নম্বরগুলো হলো-১১০০৬০০১, ১৩০০১৮১২, ২-এর পাতায় দেখুন



## চুয়াডাঙ্গায় স্থানীয় শহীদ দিবস পালিত

**জামান আখতার, চুয়াডাঙ্গা :** ৫ আগস্ট চুয়াডাঙ্গার স্থানীয় শহীদ দিবস। প্রতি বছরের মতো এবারও যথাযোগ্য মর্যদায় দিবসটি পালিত হয়েছে। স্থানীয় শহীদ দিবস পালন উপলক্ষে দামুড়হুদার জগন্নাথপুর আট কবরে ফুল দিয়ে শুভেচ্ছা জানান চুয়াডাঙ্গা-১ আসনের ২-এর পাতায় দেখুন

## এমপি ছেলুন জোয়ার্দ্দারের নেতৃত্বে চুয়াডাঙ্গা স্থানীয় শহীদ দিবস পালন

### উপস্থিত ছিলেন মিনিস্টার মাইওয়ান গ্রুপের চেয়ারম্যান এম এ রাজ্জাক খান রাজ সিআইপি



**নিজস্ব প্রতিবেদক :** চুয়াডাঙ্গায় এমপি সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুনি'র নেতৃত্বে স্থানীয় শহীদ দিবস পালিত হয়েছে। রোববার সকালে আট বীর শহীদের স্মৃতিসৌধ চত্বরে, শহীদ বেদিতে শ্রদ্ধাঞ্জলি, জাতীয় পতাকা উত্তোলন, শহীদদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া অনুষ্ঠান ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সকালে এসময় আট কবর স্মৃতিস্তম্ভে জাতীয় পতাকা উত্তোলনের পর জেলা প্রশাসনের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ কর করা হয়। সেসময় এমপি সোলায়মান হক জোয়ার্দ্দার ২-এর পাতায় দেখুন

## স্বল্প সময়ে ন্যায়বিচার নিশ্চিতের আহ্বান প্রধান বিচারপতির

**নিজস্ব প্রতিবেদক :** প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকী বলেছেন, বিচার বিভাগ এমন হওয়া উচিত যেখানে মানুষ স্বল্প সময়ে, স্বল্প খরচে ন্যায়বিচার পাবে। এমন একটি পরিবেশ আমরা করতে পারি। এটি কেবল জজদের একার পক্ষে সম্ভব নয়, আইনজীবীদেরও সহযোগিতা থাকতে হবে। মামলা জটের কারণে আমরা দুর্ভোগ পোহাচ্ছি। প্রধান বিচারপতি গতকাল শনিবার সকালে যশোর জেলা আইনজীবী সমিতির সদস্যদের সঙ্গে মতবিনিময়কালে এসব ২-এর পাতায় দেখুন



## ঝিনাইদহে শেখ কামালের জন্মদিনে প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বড় ছেলে ও বিশিষ্ট ক্রীড়া সংগঠক বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামালের জন্মবার্ষিকী উপলক্ষ্যে প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসনের আয়োজনে শনিবার বীর শ্রেষ্ট হামিদুর রহমান স্টেডিয়ামে এ অনুষ্ঠিত হয়। খেলায় ঝিনাইদহ ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহে নানা কর্মসূচীর মধ্য শেখ কামালের জন্মদিন পালিত



**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে নানা কর্মসূচীর মধ্য দিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৪তম জন্মবার্ষিকী পালিত হয়েছে। এ উপলক্ষে শনিবার সকালে জেলা আওয়ামী লীগের কার্যালয় চত্বর থেকে একটি র‌্যালী বের করা হয়। র‌্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে প্রেরণা একাত্তর চত্বরে গিয়ে শেষ হয়। পরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়। সেসময় জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টুসহআওয়ামী লীগ ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

সকাল ১০ টায় বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে শেখ কামালের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করা হয়। রাষ্ট্রের ২-এর পাতায় দেখুন



## চুয়াডাঙ্গায় শেখ কামালের জন্মদিন পালিত

**জামান আখতার, চুয়াডাঙ্গা :** চুয়াডাঙ্গায় নানা আয়োজনের মধ্য দিয়ে বঙ্গবন্ধুর বড় ছেলে শেখ কামালের ৭৪তম জন্মদিন পালন করা হয়েছে। শনিবার সকাল ১০টায় চুয়াডাঙ্গা জেলা প্রশাসক কার্যালয় চত্বরে শেখ কামালের প্রতিকৃতিতে পুস্পমাল্য অর্পণ ও ২-এর পাতায় দেখুন

## শৈলকুপায় শেখ কামালের ৭৪তম জন্মবার্ষিকী পালিত



**চঞ্চল মাহমুদ শৈলকুপা :** ঝিনাইদহের শৈলকুপায় সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র, ক্রীড়া সংগঠক, বীর মুক্তিযোদ্ধা শেখ কামালের ৭৪তম জন্মবার্ষিকী হয়েছে। উপজেলা প্রশাসন ও উপজেলা আওয়ামীলীগ এবং পৌর আওয়ামী লীগ কর্তৃক প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ, আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এছাড়া চারা গাছ, ঋণের চেক এবং ক্রীড়া সামগ্রী বিতরণ করা হয। শনিবার সকালে উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী এর সভাপতিত্বে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান এম হাকিম ২-এর পাতায় দেখুন



## ঝিনাইদহে ১২'শ দুস্থ-অসহায়দের বিনামুল্যে স্বাস্থ্যসেবা প্রদাণ

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ 'এসএসসি-৯৪ ব্যাচ ঝিনাইদহ' শিক্ষার্থীদের উদ্যোগে ১২'শ দুস্থ-অসহায়দের বিনামুল্যে স্বাস্থ্যসেবা প্রদাণ করা হয়েছে। সেই সাথে দেওয়া হয়েছে বিভিন্ন প্রকার ২-এর পাতায় দেখুন

## ঐতিহাসিক ৮ কবরে চুয়াডাঙ্গা জেলা পুলিশের শ্রদ্ধাঞ্জলি



**মোঃ তারিকুর রহমান চুয়াডাঙ্গা :** ঐতিহাসিক ৮ কবরে চুয়াডাঙ্গা জেলা পুলিশের শ্রদ্ধাঞ্জলি অর্পন। চুয়াডাঙ্গার পুলিশ আব্দুল্লাহ্ আল-মামুন স্মৃতিসৌধে ফুলেল শ্রদ্ধাঞ্জলি অর্পন করেন। উক্ত অনুষ্ঠানে আরোও উপস্থিত ছিলেন ৮ শহীদ স্মৃতি কমপ্লেক্স এর প্রতিষ্ঠাতা চুয়াডাঙ্গা-১ আসনের মাননীয় সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার সেলুন, চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট ড. কিসিঞ্জার চাকমা, চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন, সহকারী পুলিশ সুপার দামুড়হুদা সার্কেল জাকিয়া সুলতানা, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আলমগীর ২-এর পাতায় দেখুন

## কালীগঞ্জে হত্যা মামলার স্বাক্ষীকে হুমকি দেওয়ায় সাবেক মেয়র বিজু'র বিরুদ্ধে সংবাদ সন্মেলন




**বাদশা ফরহাদ, কালীগঞ্জ :** পিবিআই সদস্যদের মারপিট ও হত্যা মামলার স্বাক্ষী হওয়ায় কালীগঞ্জে সাবেক মেয়র মোস্তাাফিজুর রহমান বিজু'র পরিবার কর্তৃক নির্ষাতন অত্যাচারের হাত থেকে রেয়াই পেতে সংবাদ সন্মেলন করেছে এক ব্যাবসায়ী। শনিবার বেলা ১২ টায় কালীগঞ্জ প্রেসক্লাবে এসে ওই সংবাদ সন্মেলন করেন শহরের আড়পাড়া গ্রামের মৃত জালাল উদ্দীন বিশ্বাসের পুত্র তরিকুল ইসলাম পলাশ।

সংবাদ সন্মেলনে পলাশ তার লিখিত অভিযোগে জানায়, গত ২০১৯ সালে মেয়র বিজুর পরিবারের সদস্যদের হাতে ২-এর পাতায় দেখুন

## বাগেরহাটে শ্বশুর বাড়িতে স্ত্রীকে হত্যা, ঘাতক স্বামী গ্রেফতার

**শিহাব উদ্দিন রুবেল, বাগেরহাট :** বাগেরহাট শ্বশুর বাড়িতে ফিরোজা বেগম রুমা (৩৮) নামে এক গৃহবধূকে হত্যার ঘটনা ঘটেছে। গৃহবধূ হত্যার দায়ে তার স্বামী মোঃ আলী হোসেন মোল্লা(২৯)কে গ্রেফতার করেছে পুলিশ। গৃহবধূ ফিরোজা বেগম রুমা বাগেরহাট সদর উপজেলার দেওয়ানবাটি গ্রামের গফুর মোল্লার মেয়ে। ঘাতক স্বামী সদর উপজেলার নাগেরবাজার এলাকার আজিজ মোল্লার ছেলে। ২৯ জুলাই তারিখ হতে ০৫ আগস্টের মধ্যে যে কোন সময় এ হত্যার ২-এর পাতায় দেখুন

এই আমার দেশ টিভি'তে

নিয়োগ বিজ্ঞপ্তি



- প্রযোজক
- ক্রিয়েটিভ ডিরেক্টর
- বিশেষ প্রতিনিধি
- সংবাদ প্রতিনিধি
- সংবাদ উপস্থাপক
- অনুষ্ঠান উপস্থাপক
- ভিডিও এডিটর
- গ্রাফিক্স ডিজাইনার
- ক্যামেরাম্যান
- ভয়েজ আর্টিষ্ট
- নিউজরুম এডিটর (পোর্টাল)
- স্টাফ রিপোর্টার
- মার্কেটিং অফিসার
- অফিস সহকারী

আগামী ২০ আগষ্ট ২০২৩ তারিখের মধ্যে পূর্ণাঙ্গ বায়োডাটা, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, জন্ম নিবন্ধনের ফটোকপি, ২ কপি পাসপোর্ট সাইজের কালার ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের ফটোকপিসহ আবেদন সরাসরি অথবা ডাক বিভাগের মাধ্যমে পাঠাতে হবে। খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে।

আবেদন পত্র পাঠানোর ঠিকানা: প্রধান নির্বাহী কর্মকর্তা (এই আমার দেশ টিভি) দুঃখী মাহমুদ সড়ক, (এমপি আব্দুল হাই সাহেবের বাসার পাশে), আরাপপুর, ঝিনাইদহ।

Email: eaiamardeshtvhr@gmail.com মোবাইলঃ ০১৯৬৯-৮৩১৯১৮ / ০১৯১৪-০৫৩২১৫ / ০১৯৭০-৭৪৭৫১০। Website: www.eaiamardesh.com

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ

Daily Eai Amar Desh | e-paper.eaiamardesh.com | www.eaiamardesh.com

রবিবার ০৬ আগস্ট ২০২৩

# বাংলাদেশের নির্বাচনের জন্য ফেসবুক যে প্রস্তুতি নিচ্ছে

**নিজস্ব প্রতিবেদক :** বাংলাদেশে নির্বাচনকে কেন্দ্র করে ফেসবুকে যেন 'গুজব, বিদ্বেষমূলক বক্তব্য ও ক্ষতিকর কন্টেন্ট' ছড়িয়ে পড়তে না পারে সে লক্ষ্যে নিজেদের অবস্থানের কথা জানিয়েছে ফেসবুকের স্বত্বাধিকারী প্রতিষ্ঠান মেটা প্ল্যাটফর্মস ইনকর্পোরেটেড।




বৃহস্পতিবার মেটার কর্মকর্তারা বাংলাদেশের নির্বাচন কমিশনের কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করেন। বৈঠক শেষে নির্বাচন কমিশনের সচিব অশোক কুমার দেবনাথ সাংবাদিকদের জানান যে নির্বাচনকে সামনে রেখে অপপ্রচার বন্ধ করার বিষয়ে 'প্রাথমিক আলোচনা' হয়েছে মেটা কর্মকর্তাদের সঙ্গে।

তিনি জানান, ফেসবুকে যে ধরনের অপপ্রচার হয়, সেগুলো কীভাবে রোধ করা যায়, তা নিয়ে আলোচনা হয়েছে। বিদ্বেষমূলক বক্তব্য বা ফেসবুকের নীতি বহির্ভূত কোনো প্রচারণা থাকলে তারা তা ডিলিট, রিমুভ, ব্লক করবে।

অশোক দেবনাথ আরও জানান, নির্বাচন কেন্দ্রিক কোনো প্রচারণা নিয়ে নির্বাচন কমিশন মেটা কর্তৃপক্ষকে জানালে তারা সেটি ফেসবুক থেকে সরিয়ে নেবে।

নির্বাচন কমিশনের এই দাবির পর স্বাভাবিকভাবেই প্রশ্ন ওঠে যে, মেটা কর্তৃপক্ষ কি বাংলাদেশের নির্বাচন কমিশনের কথামত তাদের প্ল্যাটফর্ম থেকে কোন কন্টেন্ট আদৌ সরিয়ে দেবে?

এ নিয়ে বিবিসি বাংলা এক প্রতিবেদন প্রকাশ করেছে। তারা এ বিষয়ে মেটা কর্তৃপক্ষের কাছে ই-মেইল করে জানতে চায় যে, তারা নির্বাচন কমিশনের কথা শুনবে কী না?

মেটার মুখপাত্রের বরাত দিয়ে মেইলের জবাবে প্রতিষ্ঠানটি জানায় যে- তাদের সব প্ল্যাটফর্মে 'নির্বাচনের বিশুদ্ধতা' যেন বজায় থাকে, তা নিশ্চিত করতে ২-এর পাতায় দেখুন



## ঝিনাইদহে আওয়ামী লীগ নেতার কার্যালয় ভাংচুর

**ঝিনাইদহ প্রতিনিধি :** ঝিনাইদহ সদর উপজেলার গোয়ালপাড়ায় আওয়ামী লীগ নেতার দলীয় কার্যালয় ভাংচুরের অভিযোগ উঠেছে। শনিবার সন্ধ্যায় গোয়ালপাড়া বাজারে এ ঘটনায় ঘটে।

পোড়াহাটি ইউনিয়নের সাবেক সদস্য আলী আজম জানান, কয়েকদিন আগে জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি নাসের শাহ-রিয়ার জাহেদ মহুল এলাকায় জনসংযোগ করে। তারা এই অফিসে ১ লাখ টাকা অনুদান দেয়। এই অফিসে মহুল'র পোস্টার লাগানো ছিলো। শনিবার সন্ধ্যায় ১'শ থেকে দেড়'শ মোটর সাইকেলে এসে আমাদের অফিসে ভাংচুর করে। তারা অফিসের ভিতরে থাকা টিভি, চেয়ার, টেবিল ভাংচুর করে চলে যায়।

এ ব্যাপারে ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা বলেন, একটা ঘটনা ঘটেছে। এখনও থানায় কোন অভিযোগ আসেনি। অভিযোগ এলে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

## মহেশপুর শেখ কামালের ৭৪তম জন্মদিন উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল




**মোঃ আজাদ, মহেশপুর :** ঝিনাইদহের মহেশপুরে ৫ আগষ্ট বাংলাদেশের ক্রীড়া ও সাস্কৃতিক অঙ্গনের উজ্জল নক্ষত্র জাতির জনকের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৪তম জন্ম বার্ষিকি উপলক্ষে আলচোনা সভা ও দয়ো মাহফিল অনুষ্ঠিত হয়েছে। শনিবার দুপুরে মহেশপুর উপজেলা প্রশাসনের উদ্যাগে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে এ আলোচনা সভা ও দয়ো মাহফিলটি অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা নয়ন কুমার রাজবংশীর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন ঝিনাইদহ ৩ আসনর সংসদ সদস্য এ্যাড.শফিকুল আজম খাঁন চঞ্চল। আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন উপজেলা পরিষদের মহিলা ভাইস চয়ারম্যান হাসিনা খাতুন হেনা, পৌর মুক্তিযোদ্ধা কমান্ডার বীর মুক্তিযোদ্ধা কাজী আব্দুস সাত্তার, মহেশপুর পৌর ল্যাব মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শিক্ষাবিদ এটিএম খাইরুল আনাম,উপজেলা সহকারী কমিশনার ভূমি শরীফ শাওন, কর্ষি কর্মকর্তা ইয়াসমিন ২-এর পাতায় দেখুন

## কাপ্তাই হ্রদে নৌযান চলাচলে নিষেধাজ্ঞা

**স্টাফ রিপোর্টার :** রাঙামাটিতে চলমান অতিবৃষ্টি ও পাহাড়ি ঢলের কারণে জানমালের নিরাপত্তার স্বার্থে কাপ্তাই হ্রদে সব ধরনের নৌযান চলাচল বন্ধের নির্দেশ দিয়েছে জেলা প্রশাসন। গতকাল শনিবার থেকে পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত এ নিষেধাজ্ঞা অব্যাহত থাকবে। সকালে থেকে সক্রিয় মৌসুমি বায়ুর প্রভাবে বৃষ্টিপাত অব্যাহত রয়েছে। যার ফলে জেলার সঙ্গে ছয়টি উপজেলার লঞ্চ, বোট ও স্পীড বোট চলাচল বন্ধ রয়েছে। রাঙামাটির অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মো. সাইফুল ইসলাম বলেন, বাংলাদেশ অভ্যন্তরীন নৌ-পরিবহন কর্তৃপক্ষ থেকে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত থাকায় নৌ চলাচল বন্ধ রাখার নির্দেশনা দেওয়া হয়েছে। সেই নিদের্শনা অনুযায়ী জেলার সকল লঞ্চ, বোট ও স্পীড বোট ২-এর পাতায় দেখুন

## শেখ কামালের জন্মবার্ষিকী উপলক্ষে বিশেষ ডাকটিকিট প্রকাশ

**স্টাফ রিপোর্টার :** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বড় ছেলে বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৪তম জন্মবার্ষিকী উপলক্ষে বিশেষ স্মারক ডাকটিকিট ও একটি উদ্বোধনী খাম প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল শনিবার সকালে গণভবনে এক অনুষ্ঠানে ১০ টাকা মূল্যমানের ডাকটিকিট, ৪০ টাকার তিনটি স্ট্যাম্প, ১০ টাকার উদ্বোধনী খাম ও ২-এর পাতায় দেখুন



## কোটচাঁদপুরে জমি নিয়ে সংবাদ সন্মেলন

**কোটচাঁদপুর প্রতিনিধি :** প্রভাবশালীর হাত থেকে শেষ সম্বল জমি রক্ষার্থে সংবাদ সম্মেলন করেছেন,কোটচাঁদপুরে সংখ্যালঘু রিক্সা চালক মুরালি দাসে। শনিবার স্থানীয় মুক্তিযোদ্ধা কমপ্লেক্স এ সম্মেলন করেন তিনি। সংবাদ সম্মেলন সংখ্যালঘু রিক্সা চালক মুরালি দাসের পক্ষে লিখিত বক্তব্য পাঠ করেন,ভাইপো সাধন দাস। এ সময় উপস্থিত ২-এর পাতায় দেখুন

## বাড়ির সামনে প্রায় হাঁটুসমান পানি, রিকশায় চড়ে ঢুকলেন মেয়র

**নিজস্ব প্রতিনিধি :** টানা বর্ষণে চট্টগ্রাম সিটি করপোরেশনের (চসিক) মেয়র এম রেজাউল করিমের বহদ্দারহাটের বাড়ি ও বাড়ির সামনের জায়গায় হাঁটু পানি জমে। পানি জমে বাড়ির সামনের সড়কেও।

গতকাল শনিবার ভোরের বৃষ্টিতে মেয়রের বাড়ির সামনে পানি জমে। দুপুরের পরও সেই পানি নামেনি। এ অবস্থায় মেয়রকে মূল সড়ক থেকে বাড়ির আঙিনায় যেতে হয়েছে রিকশা নিয়ে।

রিকশায় চড়ে যাওয়ার একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ছড়িয়ে পড়েছে। আজ শনিবার দুপুরে বাড়িতে প্রবেশের সময় এই ভিডিও করা হয় বলে জানা গেছে। ওই ভিডিওতে দেখা যায়, ২-এর পাতায় দেখুন

## কোটচাঁদপুরে শেখ কামালের ৭৪তম জন্মবার্ষিকী পালন

**আবুল হাসান, কোটচাঁদপুর :** স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জ্যেষ্ঠ পুত্র বিশিষ্ট ক্রীড়া সংগঠক শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৪তম জন্মবার্ষিকী উপলক্ষে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা আঃলীগের উদ্যোগে আলোচনা সভা ও দোয়া মাহ-ফিল অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকালে উপজেলা আঃলীগের দলীয় কার্যালয়ে উপজেলা আঃলীগের সভাপতি শরিফুন্নেচ্ছা মিক্কির সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক শাহাজান আলীচর সঞ্চালনায় আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন ঝিনাইদহ জেলা আঃলীগের সহ সভাপতি ও ঝিনাইদহ -৩ আসনের মান-নীয় জাতীয় সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চল। এছাড়া আরও বক্তব্য রাখেন উপজেলা আঃলীগের সহ সভাপতি ফারজেল হোসেন মন্ডল, পৌর আঃলীগের সভাপতি কাজী আলমগীর,উপজেলা আঃলীগের সাবেক সহ সভাপতি বীরমুক্তিযোদ্ধা কায়দার রহমান, কুশনা ইউনিয়ন আঃলীগের সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, পৌর যুবলীগের সভাপতি মেহেদি হাসান বুলবুল, যুবলীগ নেতা শেখ হেকিম প্রমুখ। বক্তারা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের কর্মময় জীবন সম্পর্কে বিষদ আলোচনা করেন। আলোচনা শেষে বঙ্গবন্ধু ও শেখ কামাল এর আত্মার মাগফেরাত কামনা করে দোয়া অনুষ্ঠিত হয়। এসময় উপজেলা আঃলীগের সহ সভাপতি নরুল ইসলাম ২-এর পাতায় দেখুন







## রাজনৈতিক দলগুলোর মধ্যে সংলাপ ও সমঝোতার আহ্বানে ঝিনাইদহে মানববন্ধন

**নিজস্ব প্রতিবেদক :** বিরাজমান রাজনৈতিক সংকট নিরসনে রাজনৈতিক দলগুলোর মধ্যে সংলাপ ও সমঝোতার আহ্বানে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে। শনিবার সকালে শহরে পোস্ট অফিস মোড়ে এ কর্মসূচীর আয়োজন করে সুশাসনের জন্য নাগরিক (সুজন)। এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনটির নেতৃবৃন্দ ছাড়াও নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়। মানববন্ধনে সুজনের সভাপতি আমিনুর রহমান টুকু, মানবাধিকার কর্মী হাফিজুর রহমান, জাহিদুল ইসলাম অবসরপ্রাপ্ত শিক্ষক সুষেন্দু কুমার ভৌমিক, কাজী আব্দুর রাজ্জাক, মাহমুদ হোসাইনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন। সেসময় বক্তারা আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে ২-এর পাতায় দেখুন

## মেহেরপুরে শেখ কামালের জন্মদিন পালন




**মেহেরপুর প্রতিনিধি :** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৪ তম জন্মবার্ষিকী উপলক্ষে মেহেরপুরে পুষ্পমাল্য অর্পণ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকালে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের বিশেষভাবে তৈরি প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়। জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন ও জেলা প্রশাসনের পক্ষে পুষ্পমাল্য অর্পণ করেন জেলা প্রশাসক মোঃ শামীম হাসান, জেলা পুলিশের পক্ষে পুষ্পমাল অর্পণ করেন কামরুল আহসান, বীর মুক্তিযুদ্ধের পক্ষে পুষ্পমাল্য অর্পণ করেন বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন আব্দুল মালেক। এসময় সকল সরকারি, বেসরকারি ২-এর পাতায় দেখুন




## কালীগঞ্জে শেখ কামালের ৭৪তম জন্মদিন পালিত

**বাদশা ফরহাদ, কালীগঞ্জ :** ঝিনাইদহের কালীগঞ্জে বাংলাদেশের ক্রীড়া ও সাংস্কৃতিক অঙ্গনের নক্ষত্র, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শেখ কামালের ৭৪তম জন্মবার্ষিকীতে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার ইসরাত জাহানের সভাপতিত্বে শনিবার সকালে উপজেলা পরিষদ ২-এর পাতায় দেখুন

## পোষ্য কোটায় শর্ত শিথিলের দাবিতে চতুর্থ দিনে মতো কর্মকর্তাদের আন্দোলন

**ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি :** ইসলামী বিশ্ববিদ্যালয়ে ভর্তিতে পোষ্য কোটার ক্ষেত্রে শর্ত শিথিলের দাবিতে আন্দোলন করেছে বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তারা। শনিবার সকাল ৯টায় তারা এ কর্মবিরতি শুরু করেন। দুপুর দুইটা চলে তাদের এ কর্মবিরতি। গত ২৬ জুলাই প্রথম কর্মবিরতি শুরু করে কর্মকর্তারা। শনিবার হয় তাদের চতুর্থ দিনের মতো কর্মসূচি। দাবি না মানলে সামনে আরও কর্মসূচি গ্রহণ করা হবে বলে হুঁশিয়ারি দিয়েছেন কর্মকর্তারা।




কর্মকর্তাদের দাবি, ভর্তি পরীক্ষায় পোষ্য কোটার ক্ষেত্রে শর্ত রাখা হয়েছে। তাহলে কোটাধারীদের কী সুবিধা দেয়া হলো।পোষ্য কোটাধারী হাতে গোনা কয়েকজন শিক্ষার্থীকে ন্যূনতম যোগ্যতায় ভর্তি নিলে আহামরি কোনো ক্ষতি হবে না বলে দাবি করেন তারা।

তথ্য মতে, গুচ্ছ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে ২-এর পাতায় দেখুন

## লক্ষ্মীপুরে স্কুলছাত্রীকে অপহরণ, ছাত্রলীগ নেতা কারাগারে

**নিজস্ব প্রতিবেদক :** লক্ষ্মীপুরের রামগতিতে অপহরণের ৭ ঘন্টা পর এক স্কুলছাত্রীকে (১৬) উদ্ধার করেছে পুলিশ। এ ঘটনায় রামগতি পৌর ছাত্রলীগের সহসভাপতি ইমরান হোসেন এনাম পাটওয়ারীকে গ্রেপ্তারের পর কারাগারে পাঠানো হয়েছে। গতকাল শনিবার দুপুরে তাকে লক্ষ্মীপুর আদালতের মাধ্যমে জেলা কারাগারে পাঠানো হয়েছে। এরআগে বৃহস্পতিবার রাতে নারায়াণগঞ্জের সোনাগাঁও এলাকা থেকে ছাত্রীকে উদ্ধার ও এনামকে গ্রেপ্তার করা হয়।

## বাগেরহাটের ফকিরহাটে জমি লিখে না দেওয়ায় বৃদ্ধ বাবাকে মারধর করলো ছেলে, থানায় অভিযোগ দায়ের

**শিহাব উদ্দিন রুবেল, বাগেরহাট :** জমি লিখে না দেয়ায় সেই বৃদ্ধ বাবাকে পিটিয়ে গুরুত্বর আহত করার অভিযোগ উঠেছে ছেলে মনিরুল ইসলাম ও নজরুল ইসলাম,মাহাবুদুর তিন ভাইয়ের বিরুদ্ধে। এ সময় বাবাকে মারপিট থেকে রক্ষা করতে বাবার পাশে এগিয়ে আসলে ছোট ভাই ইমরান শিকদারকেও ব্যাপক মারপিট করে আহত করে তারা। শুক্রবার এমন ঘটনা ঘটেছে

বাগেরহাট জেলার ফকিরহাট উপজেলার মূলঘর ইউনিয়নের রাজপাট ২-এর পাতায় দেখুন



## অনলাইন ক্লাস বন্ধের দাবিতে ইবি ছাত্র ইউনিয়নের আন্দোলন

**রানা আহম্মেদ অভি, ইবি :** ইসলামী বিশ্ববিদ্যালয়ে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে প্রতি সপ্তাহে সোমবার অনলাইনে ক্লাস নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে কর্তৃপক্ষ। প্রশাসনের এই সিদ্ধান্তকে অযৌক্তিক বলে দাবি করে প্রশাসন ভবনের সামনে আন্দোলন করেছে বিশ্ববিদ্যালয় ছাত্র ইউনিয়ন সংসদ। শনিবার ছাত্র ইউনিয়ন টেন্ড থেকে একটি বিক্ষোভ মিছিল বের হয়ে অনুষদ ভবন প্রদক্ষিণ করে ঝাল চত্বর দিয়ে প্রশাসন ভবনের সামনে সমবেত হয় তারা।




এসময় হঠাৎ করে অনলাইন ক্লাস নেওয়া সিদ্ধান্ত অযৌক্তিক বলে দাবি করে তারা। এছাড়া সোমবার ক্লাস-পরীক্ষা বন্ধ করে নতুন সেশনজটের সূচনা হবে বল দাবি করেন তাঁরা।

জানা যায়, গত ৩০ জুলাই বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এইচএম আলী হাসান জ্বালানি ২-এর পাতায় দেখুন



## গাংনীতে শহীদ ক্যাপ্টেন শেখ কামালের জন্মবার্ষিকী পালন

**মেহেরপুর প্রতিনিধি:** নানা আয়োজনের মধ্যে দিয়ে মেহেরপুরের গাংনীতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৪তম জন্মবার্ষিকী পালিত হয়েছে। দিবসটি উপলক্ষ্যে শনিবার সকাল দশটার সময় ২-এর পাতায় দেখুন




## দামুড়হুদায় যথাযোগ্য মর্যাদায় স্থানীয় শহীদ দিবস পালিত

**ইমরান, চুয়াডাঙ্গা :** চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলায় যথাযোগ্য মর্যাদায় স্থানীয় শহীদ দিবস পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে শনিবার সকাল ৮টায় দামুড়হুদার নাটুদা ইউনিয়নের জগন্নাথপুরে আটকবর স্মৃতিসৌধে বিভিন্ন কর্মসূচি পালিত হয়। আট শহীদের স্মৃতিসৌধে জেলা আওয়ামী লীগের পক্ষ থেকে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন চুয়াডাঙ্গা ১ আসনের মাননীয় সংসদ সদস্য সাবেক হুইপ চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মো: সোলাইমান হক জোয়াদ্দার সেলুন, জেলা প্রশাসন ও জেলা মুক্তিযোদ্ধা কমান্ডের পক্ষ থেকে শ্রদ্ধা নিবেদন ও মুক্তিযোদ্ধা পতাকা উত্তোলন করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড: কিসিঞ্জার ২-এর পাতায় দেখুন




সম্পাদকমন্ডলীর সভাপতি : **আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)** সম্পাদক ও প্রকাশক : **আলী কদর পলাশ,** ভারপ্রাপ্ত সম্পাদক : **তানভীর হাসান (জিসান হাই)**,ব্যবস্থাপনা সম্পাদক : **আশরাফুল আলম চঞ্চল,** নির্বাহী সম্পাদক : **তুহিন আরণ্য**
**সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ** কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। **ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।**। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ **বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮**




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

# এবার তিস্তা ইস্যুর দ্রুত সমাধান চাই

নতুন করে বাংলাদেশ ও ভারতে আলোচনা শুরু হয়েছে তিস্তার পানি বণ্টন নিয়ে। অভিন্ন নদীর পানি বণ্টন বাংলাদেশ ও ভারতের মধ্যে এক দীর্ঘমেয়াদি অমীমাংসিত ইস্যু। দুই দেশের মধ্যে ১৯৯৬ সালে একমাত্র গঙ্গা নদীর পানি বণ্টনের চুক্তি স্বাক্ষর হলেও তিস্তা নদীর পানি ভাগাভাগির ব্যাপারে এখনো কোনো সুরাহা হয়নি। সর্বশেষ ২০১১ সালে দুই দেশের মধ্যে তিস্তা চুক্তি স্বাক্ষরের ব্যাপারে সব প্রস্তুতি নেয়া হলেও পশ্চিমবঙ্গ সরকারের বিরোধিতায় তা সম্পন্ন করা যায়নি। ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়সংক্রান্ত সংসদীয় কমিটির সুপারিশ, গত বুধবার রংপুরে তিস্তা মহাপরিকল্পনা বাস্তবায়নে প্রধানমন্ত্রী শেখ হাসিনার অঙ্গীকারের পর তিস্তা ইস্যুতে নতুন করে আশার সঞ্চার হয়েছে। সেপ্টেম্বরে ভারতে জি২০ সম্মেলন হচ্ছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সম্মেলনে যোগ দেবেন। সেখানে নরেন্দ্র মোদির সঙ্গে তার একান্তে আলোচনা করার কথাও রয়েছে। নির্বাচনের আগে দেশের জনগুরুত্বপূর্ণ ইস্যুটি সামনে আসা ইতিবাচক বলে মনে করছি। বিগত বছরগুলোতে বাংলাদেশ-ভারত সম্পর্কের ক্ষেত্রে আমূল পরিবর্তন এসেছে। গত ১৫ বছরেরও বেশি সময়ে দুদেশের মধ্যে বহুল প্রত্যাশিত বিভিন্ন চুক্তির ফলে সম্পর্কের উচ্চতা ক্রমাগত বেড়েছে। ভবিষ্যতে ভারতের সঙ্গে অমীমাংসিত ইস্যুগুলোর সৌহার্দপূর্ণ সমাধানে ঐতিহাসিক বন্ধুত্বপূর্ণ সম্পর্ক নতুন উচ্চতায় পৌঁছাবে বলে আমরা প্রত্যাশা রাখছি। খুব স্বাভাবিকভাবেই তিস্তা নদীর পানি বণ্টন নিয়ে প্রশ্ন আসছে বারবার। আন্তর্জাতিক নদী হিসেবে ন্যায্য হিস্যা পাওয়ার অধিকার থাকলেও শুকনো মৌসুমে তিস্তার পুরো পানিই ব্যবহার করছে ভারত। তিস্তা দেশের উত্তরাঞ্চলের কৃষি, মৎস্য ও খাদ্য ব্যবস্থার জন্য পানির বড় আধার। বিশেষ করে অববাহিকাসংলগ্ন প্রায় সাড়ে পাঁচ হাজার গ্রামের মানুষ তাদের জীবিকার জন্য এ নদীর ওপর বহুলাংশে নির্ভরশীল। আন্তর্জাতিক আইনি বিধি ব্যবস্থা অনুযায়ী একটি আন্তঃদেশীয় নদী হিসেবে তিস্তার পানির ন্যায্য হিস্যা পাওয়া বাংলাদেশের অধিকার। ভারতের চাওয়াগুলোর বেশির ভাগ পূরণ হলেও বাংলাদেশের কিছু অপ্রাপ্তি রয়ে গেছে। উত্তর-পশ্চিমাঞ্চলের পানির গুরুত্বপূর্ণ উৎস তিস্তা নদীর পানি বণ্টন চুক্তির অনিশ্চয়তা দূর হয়নি। এক দীর্ঘসূত্রতার পাকে পড়ে গেছে এটি। রাজনৈতিক কারণেই তিস্তা চুক্তিকে ঢাল হিসেবে ব্যবহার করছে পশ্চিমবঙ্গ সরকার। তিস্তার পানি ভারতের একতরফাভাবে আটকে দেয়া আন্তর্জাতিক আইনের স্পষ্ট লঙ্ঘন। আর তিস্তার পানির ন্যায্য হিস্যা আমাদের কাছে করুণা নয় বরং অধিকার। এ অধিকার থেকে আমাদের আর কতদিন বঞ্চিত রাখবেন? ভারতের বর্তমান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও বাংলাদেশের বর্তমান সরকারপ্রধান শেখ হাসিনার আন্তরিক প্রচেষ্টায় বাংলাদেশ ও ভারতের দীর্ঘদিনের অমীমাংসিত অনেক সমস্যার শান্তিপূর্ণ সমাধান হয়েছে। বিশেষ করে স্থলসীমান্ত ও সমুদ্র সীমানার মতো জটিল বিষয়গুলো বন্ধুত্বপূর্ণ পরিবেশে সুষ্ঠু সমাধানের মাধ্যমে বাংলাদেশ ও ভারত প্রতিবেশী রাষ্ট্রের সম্পর্কের ক্ষেত্রে বিশ্বে নতুন দৃষ্টান্ত স্থাপন করেছে। দুদেশের জনগণের প্রত্যাশা-তিস্তা চুক্তি সম্পাদনসহ অমীমাংসিত অন্য বিষয়গুলোরও দ্রুত সমাধান হবে। পারস্পরিক সম্মানের ভিত্তিতে দেশ দুটির মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক অটুট থাকুক। দুদেশের মধ্যে অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক তথা সব ধরনের যোগাযোগ ও সহযোগিতা ক্রমেই জোরদার হোক- এমন প্রত্যাশা করছি।

## চুয়াডাঙ্গায় স্থানীয় শহীদ দিবস

সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন, চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা, পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন প্রমুখ। প্রসঙ্গত, ১৯৭১ সালের ৫ আগস্ট স্বাধীনতা যুদ্ধে আট শহীদের কবরস্থানের পাশের একটি মাঠে সন্মুখ সমরে নিহত হন আটজন বীর মুক্তিযোদ্ধা। তাঁরা হলেন, হাসান জামান, সাইফুদ্দিন তারেক, রওশন আলম, আলাউল ইসলাম খোকন, আবুল কাশেম, রবিউল ইসলাম, কিয়ামুদ্দিন ও আফাজ উদ্দিন। আট শহীদকে পাশাপাশি দুটি কবরে কবর দেওয়া হয়। দেশ স্বাধীনের পরে সেই দুটি কবরের ওপর নির্মাণ হয় স্মৃতিসৌধ। পাশেই নির্মিত হয়েছে মুক্তিযোদ্ধা কমপ্লেক্স।

প্রতি বছর ৫ আগস্ট স্থানীয় শহীদ দিবস হিসেবে পালন করা হয়ে থাকে। দিবস উপলক্ষে জেলা প্রশাসন, মুক্তিযোদ্ধা সংসদ, জেলা আওয়ামীলীগসহ বিভিন্ন সংগঠন নানা আনুষ্ঠানিকতায় দিবসটি পালন করে থাকে।

## এমপি ছেলুন জোয়ার্দ্দারের নেতৃত্বে

ছেলুন, চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা, জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন, মিনিস্টার মাইমান গ্রুপের চেয়ারম্যান এম এ রাজ্জাক খান রাজ সিআইপি, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগ, পৌর আওয়ামী লীগসহ সহযোগী সংগঠন ও অঙ্গ সংগঠনের বিভিন্ন স্তরের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। ১৯৭১ সালের ৫ আগস্ট স্বাধীনতা যুদ্ধ চলাকালে এদিনে জেলার আটজন বীর মুক্তিযোদ্ধা সম্মুখ সমরে শহীদ হন। যে আটজন মুক্তিযোদ্ধা শহীদ হয়েছিলেন তারা হলেন-হাসান জামান, সাইফুদ্দিন তারেক, রওশন আলম, আলাউল ইসলাম খোকন, আবুল কাশেম, রবিউল ইসলাম, কিয়ামুদ্দিন ও আফাজ উদ্দীন।

মুক্তিযোদ্ধারা জানায়, ১৯৭১ সালের দেশে স্বাধীনতা যুদ্ধ চলাকালে ৩ আগস্ট গেরিলা গ্রুপ কমান্ডার হাফিজুর রহমানের নেতৃত্বে একদল মুক্তিযোদ্ধা চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার সীমান্তবর্তী মেহেরপুরের মুজিবনগর উপজেলার জয়পুর গ্রামের শেল্টার ক্যাম্পে পাকবাহিনীর ওপর আক্রমণ করার পরিকল্পনা করেন। ৪ আগস্ট মুক্তিযোদ্ধারা পার্শ্ববর্তী বাগোয়ান গ্রামের মুসলিম লীগের দালাল কুবাদ খানকে ধরে নিয়ে আসেন। ৫ আগস্ট সকালে পাকিস্থানী দালাল কুবাদ খানের দুজন লোক চাতুরতার আশ্রয় নিয়ে মুক্তিযোদ্ধা ক্যাম্পে এসে খবর দেয়, রাজাকাররা তাদের ধান কেটে নিয়ে যাচ্ছে। তাদের এ কথা বিশ্বাস করে মুক্তিযোদ্ধা হাসান জামানের নেতৃত্বে একদল মুক্তিযোদ্ধা অস্ত্র নিয়ে বাগোয়ান গ্রামের মাঠের দক্ষিণ-পশ্চিমে দু দলে বিভক্ত হয়ে অগ্রসর হতে থাকেন। নাটুদহ ক্যাম্পের পাকসেনারা পূর্ব পরিকল্পনা অনুযায়ী মাঠের আখ ক্ষেতে অ্যাম্বুস অবস্থায় লুকিয়ে থাকে। মুক্তিযোদ্ধারা কিছু বুঝে ওঠার আগেই তাদের অ্যাম্বুশের মধ্যে পড়ে যান। এখানে পাকসেনাদের সাথে মুক্তিযোদ্ধাদের প্রায় আড়াই ঘণ্টাব্যাপী সম্মুখ যুদ্ধ হয়। এ সময় মুক্তিযোদ্ধারা যুদ্ধের কৌশলে দুটি দলে বিভক্ত হয়ে শত্রুকে আক্রমণ করতে থাকেন। এ অবস্থায় যেকোনো একজনকে কাভারিং ফায়ার দিয়ে নিজ দলকে বাঁচাতে হয়। মুক্তিযোদ্ধা হাসান জামান সেই ফায়ারের দায়িত্ব নিয়ে শহীদ হন। এ সময় অন্য সাথীদের বাঁচাতে সক্ষম হলেও সম্মুখ সমরে শহীদ হন আটজন বীর। ওই সম্মুখ যুদ্ধে পাকবাহিনীর অনেক সদস্য হতাহত হয়। পরে জগন্নাথপুর গ্রামের মুক্তিকামী মানুষ রাস্তার পাশে দুটি কবরে চারজন করে আটজন শহীদ মুক্তিযোদ্ধার মৃতদেহ দাফন করেন। কালক্রমে এই আটজন মুক্তিযোদ্ধার কবরকে ঘিরেই এ স্থানটির নামকরণ হয়েছে 'আটকবর'। গড়ে উঠেছে বিশাল একটি জনপদ। মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুনের প্রচেষ্টায় ১৯৯৮ সালে সরকারি সহায়তায় ওই গণকবরের ওপর স্মৃতিসৌধ গড়ে তোলা হয়। এলজিইডির তৎকালীন প্রধান প্রকৌশলী কামরুল ইসলাম সিদ্দিকীর তত্ত্বাবধানে ৫০ লাখ টাকা ব্যয়ে এ স্মৃতিসৌধ নির্মিত হয়। এর পাশেই নির্মাণ করা হয়েছে রেস্টহাউজ কমপ্লেক্স। এখানে ছবির ফ্রেমে তুলে ধরা হয়েছে মুক্তিযুদ্ধকালীন ইতিহাস। নাম দেয়া হয়েছে আটকবর স্মৃতিসৌধ।

## ঝিনাইদহে শেখ কামালের জন্মদিনে

পৌরসভাকে ১-০ গোলে হারায় ঝিনাইদহ জেলা প্রশাসন। খেলা শেষে ঝিনাইদহ জেলা প্রশাসক এস.এম রফিকুল ইসলাম পুরুস্কার বিতরন করেন।

## ঝিনাইদহে নানা কর্মসূচীর মধ্য

পক্ষে প্রথম জেলা প্রশাসন ও পরে বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে শ্রদ্ধা নিবেদন করা হয়। সেসময় জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলামসহ সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। বিকেলে জেলা প্রশাসনের পক্ষ থেকে বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে প্রীতি ফুটবল ম্যাচের আয়োজন করা হয়। শত শত দর্শক সেই প্রতিযোগিতা উপভোগ করেন।

এদিকে বিকেলে শহরের পায়রা চত্বরে জেলা স্বেচ্ছাসেবক লীগের আয়োজনে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। সেসময় জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, জেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি শাহরিয়ার করিম রাসেল, সাধারণ সম্পাদক রানা হামিদসহ অন্যান্যরা বক্তব্য রাখেন। আলোচনা সভা শেষে দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

এছাড়াও জেলা ছাত্রলীগের পক্ষ থেকে শেখ কামালের প্রতিকৃতিতে শ্রদ্ধা জানানো হয়। পরে বৃক্ষরোপন অনুষ্ঠানে জেলা ছাত্রলীগের সভাপতি সজীব হোসেন, সাধারণ সম্পাদক আল ইমরানসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

## চুয়াডাঙ্গায় শেখ কামালের জন্মদিন

গাছের চারা বিতরণ করা হয়। পরে জেলা প্রশাসকের কার্যালয়ে অনুষ্ঠিত হয় আলোচনা সভা। আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা। আলোচনায় অংশ নেন পুলিশ সুপার আব্দুল্লাহ আল-মামুন প্রমুখ। আলোচনার শেষপর্বে গাছের চারা বিতরণ করা হয়।

## শৈলকুপায় শেখ কামালের

আহমেদ, উপজেলা আওয়ামী লীগের সভাপতি মতিয়ার রহমান বিশ্বাস, উপজেলা আওয়ামী লীগের যুগ্ন-সাধারণ সম্পাদক রেজাউল ইসলাম রাজু, সাবেক উপজেলা যুবলীগের সভাপতি রানাজ্জামান বাদশা,চেয়ারম্যান জাহিদুল ইসলাম জাহিদ, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি জুয়েল পারভেজ কর্নেল, উপজেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক শাওন,সাবেক সভাপতি দিনার বিশ্বাস,বর্তমান ছাত্রলীগের সভাপতি মনিরুজ্জামান মিশন ও সাধারণ সম্পাদক বাবুসহ আওয়ামী লীগের নেতা কর্মীরা।

## বাগেরহাটে শ্বশুর বাড়িতে স্ত্রীকে

ঘটনা ঘটে। জানা যায়, মোঃ আলী হোসেন মোল্লার সাথে তার স্ত্রী ফিরোজা বেগম রুমার পারিবারিক বিষয়কে কেন্দ্র করে প্রায়শই ঝগড়া বিবাদ ও মনোমালিন্য হয়। উক্ত ঘটনার জের ধরে আসামী আলী হোসেন মোল্লা সকলের অগোচরে তার স্ত্রীকে মেরে বসতবাড়ীর বাথরুমের ট্যাংকির ভিতরে ফেলে স্লাভ দিয়ে ঢেকে রাখে। পরিবারের লোকজন খুজে না পাওয়ায় গত ৩রা আগস্ট তার স্বামী আলী হোসেন মোল্লা নিজেই বাদী হয়ে বাগেরহাট সদর মডেল থানায় একটি সাধারন ডায়রী করেন। শনিবার (৫আগস্ট)ফিরোজা বেগম রুমার মেয়ে পূর্নিমা (১৮) তার স্বামীকে নিয়ে বাড়িতে আসে। এ সময় তার মাকে দেখতে না পেয়ে মোঃ আলী হোসেন মোল্লার কাছে তার মায়ের বিষয়ে জানতে চান। ঘরের মধ্য হতে দূর্গন্ধ বের হলে তারা বাথরুমের ট্যাংকির স্লাভ খুললে একটি বস্তা দেখতে পায়। বস্তার মুখ খুলে তার মায়ের মৃত দেহ দেখতে পায়। তখন আসামী দৌড়ে পালানোর চেষ্টা করলে ভিকটিমের মেয়ে জামাতা রায়হান ব্যাপারী আসামীকে ধরে ফেলে। ভিকটিমের মেয়ে ৯৯৯ এ ফোন করলে বাগেরহাট সদর মডেল থানা পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌছে আসামীকে হেফাজতে নেয়।

এ বিষয়ে বাগেরহাট সদর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা কেএম আজিজুল ইসলাম বলেন, স্ত্রীকে হত্যার অভিযোগে আলী হোসেন মোল্লা নামে এক ব্যক্তিকে গ্রেফতার করা হয়েছে। পুলিশ লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সদর হাসপাতাল মর্গে প্রেরন করেছে। ভিকটিম আসামীর ৩য় স্ত্রী এবং আসামীসহ ভিকটিম তার পিতার বাড়িতে বসবাস করত। পরবর্তী আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন বলে জানান এ কর্মকর্তা।

## কালীগঞ্জে হত্যা মামলার স্বাক্ষীকে

খুন হয় তাদেরই ভাইপো হাফেজি পড়ুয়া ছাত্র শিশু আল-আমীন। এ হত্যা ঘটনায় আলামত উদ্ধারের জন্য ঝিনাইদহ পিবিআই এর একটি টিম মেয়র বিজুর বাড়িতে তদন্তে আসলে তাদেরকে মারপিট করে মেয়র বিজুর পরিবারের সদস্যরা। প্রসংগত ঃ উপরোক্ত দুটি ঘটনারই স্বাক্ষী হয় তরিকুল ইসলাম পলাশ। এতেই ক্ষিপ্ত হয়ে মেয়র বিজু, তার ভাই ডাবলু ও লাবলু সহ সন্ত্রাসীরা একের পর এক পলাশের পরিবারের উপর হামলা নির্ষাতন করে আসছে। সংবাদ সন্মেলনে উপস্থিত পলাশের বড় ভাই ফারুক হোসেন জানায়, মেয়র বিজুর মামলার স্বাক্ষী হওয়াতে অত্যাচার নির্যাতনের হাত থেকে রক্ষা পায়নি তাদের বৃদ্ধা মা ও বোন। ভাই পলাশ সহ তাদের পরিবারে উপর নগ্ন হামলা চালিয়ে গুরুতর জখম করা হয়েছিল। এছাড়াও ওই সন্ত্রাসীদের ভয়ে তাদের আড়পাড়া গ্রামের সাধারণ মানুষও দিশেহারা তটস্থ। ফারক জানায়, ওই মামলা গুলির স্বাক্ষী না দিতে তারা বিভিন্ন সময়ে আমাদেরকে হত্যার হুমকি দিচ্ছে। এমতাবস্থায় আমাদের পরিবার নিরাপত্তাহীনতায় ভুগছে। ভুক্তভোগীরা নিরাপদ ভাবে বসবাসের জন্য প্রশাসনের হস্তক্ষেপ কামনা সহ সাংবাদিকদের লেখনির মাধ্যমে সহায়তা চেয়েছেন।

## ঐতিহাসিক ৮ কবরে চুয়াডাঙ্গা

কবীর, চুয়াডাঙ্গাসহ মুক্তিযোদ্ধা সংসদ, বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ।

১৯৭১ সালের ৫ আগস্ট। চুয়াডাঙ্গা জেলার মুক্তিযুদ্ধের ইতিহাসে মর্মান্তিক ও স্মরণীয় একটি দিন। মুক্তিযুদ্ধ চলাকালে এ দিনে জেলার ৮ জন মুক্তিযোদ্ধা সম্মুখ সমরে শহীদ হন। তারা হলেন-হাসান জামান, সাইফুদ্দিন তারেক, রওশন আলম, আলাউল ইসলাম খোকন, আবুল কাশেম, রবিউল ইসলাম, কিয়ামুদ্দিন ও আফাজ উদ্দীন।

মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলাইমান হক জোয়ার্দ্দার ছেলুনের প্রচেষ্টায় ১৯৯৮ সালে এলজিইডির তৎকালীন প্রধান প্রকৌশলী কামরুল ইসলাম সিদ্দিকীর প্রত্যক্ষ তত্ত্বাবধানে ওই গণকবরের উপর স্মৃতিসৌধ গড়ে তোলা হয়। নাম দেওয়া হয় আটকবর।

## ঝিনাইদহে ১২'শ দুস্থ-অসহায়দের

ঔষধ। শনিবার সকাল থেকে বিকাল পর্যন্ত হরিণাকুন্ডু উপজেলার রিশখালী মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে এসএসসি-৯৪ ব্যাচ ঝিনাইদহ'র শিক্ষার্থীরা এ স্বাস্থ্যসেবা ক্যাম্পের আয়োজন করে। সকালে উদ্বোধনী অনুষ্ঠানে আসাদ ইবনে মুস্তাফিজ পিটো, সাইফুর রহমান শিপলু, ওয়ালিদ হাসান ফরিদ বাবু, তানভীর আহমেদ রনি, মীর ফজলে এলাহী শিমুল, আওয়াল হোসেন, আশরাফ উদোলা মাসুম, সোহেল রানা পিন্টু, সবুর, আজমসহ ৯৪ ব্যাচের সকল বন্ধুরা উপস্থিত ছিলেন।

জাহেদী ফাউন্ডেশনের সহযোগিতায় এ মেডিকেল ক্যাম্পে ঝিনাইদহ, ঢাকাসহ দেশের বিভিন্ন হাসপাতালে কর্মরত ৭ জন বিশেষজ্ঞ চিকিৎসক স্বাস্থ্য সেবা প্রদাণ করেন। সকাল ৯ টা থেকে শুরু হয়ে বিকাল ৫ টা পর্যন্ত চলা এ মেডিকেল ক্যাম্পে দৌলতপুর, সাধুহাটি, কাপাশহাটিয়া ও পৌরসভার ২০ টি গ্রামের ১২'শ মানুষ স্বাস্থ্যসেবা গ্রহণ করেন। পরামর্শ ছাড়াও বিনামুল্যে ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, ইজিসি পরীক্ষা ও শেষে ঔষধ বিতরণ করা হয়।

## মহেশপুর শেখ কামালের ৭৪তম

সুলতানা,পল্লী উনয়ন কর্মকর্তা বাহাউল ইসলাম,উপজেলা পপ্রকৌশলী (এলজিইডি) সৈয়দ শাহরিয়ার আকাশ প্রমুখ। শেখ কামালর ৭৪তম জন্ম বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠানে সরকারের বিভি-ন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দের উপস্থিতে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

## কোটচাঁদপুরে জমি নিয়ে সংবাদ

ছিলেন, মুরালি দাস, স্বরজিত দাস,সুফল দাস।

লিখিত বক্তব্যে বলেন, গেল ১১-০৩-১৯৮০ সালে আমার বড় ভাই শরজিৎ দাস,তাঁর অংশের বিক্রি করেন,ফুলবাড়ি গ্রামের আতিয়ার রহমানের মা ইয়ারুন নেছা কাছে। সেই থেকে আতিয়ার রহমান ভোগ দখল করে আসছেন। দীর্ঘ ৪৩ বছর ভোগ দখল করার পর বর্তমানে তিনি আমার দখলীয় জমি জোরপূর্বক ভোগ দখল করার চেষ্টা চালাচ্ছেন। আমি বাধা দেয়ায় তিনি আমাকে বিভিন্ন ধরনের হুমকি ধামকিও দিচ্ছেন। এছাড়া তিনি ইতোমধ্যে আমার নামে ৪ টি মামলাও করেছেন আদালতে। আতিয়ার রহমানকে জমি না দিলে আমাকে মেরে ভারতে পাঠানোর হুমকি দিয়েছেন। মুরালি দাস বলেন,আমি সামান্য রিক্সা চালক। রিক্সা চালিয়ে আমার জীবিকা চলে। থাকার ভেতর ওই সম্পদ টুকু আছে। যা আমার ছেলে মেয়েদের জন্য রেখে যেতে চাই। তাও ওই প্রভাবশালী আতিয়ার রহমান আমার কাছ থেকে কেড়ে নিতে চাই। আমি কোন উপায় না পেয়ে আপনাদের শরণাপন্ন হয়েছি। আমি শুনেছি সংবাদ পত্র সমাজের দর্পন। আপনারা সেই দর্পনের কান্ডারি। তাই আপনাদের মাধ্যমে সমাজের ওই ভূমি লোভী আতিয়ারের মুখোশ খুলে দিতে চাই। রক্ষা করতে চাই শেষ সম্বল জমিটুকু।

সংবাদ সম্মেলন থেকে মুরালি দাস সংশ্লিষ্ট কর্তাব্যক্তিদের সুদৃষ্টি কামনা করেছেন। সঠিক তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহন করেন দাবীও করেছেন তিনি। মুরালি দাস কোটচাঁদপুর উপজেলার ফুলবাড়ি গ্রামের মৃত বুদোই দাসের ছেলে।

বিষয়টি নিয়ে ফুলবাড়ি গ্রামের আতিয়ার রহমান বলেন, ১৯৮০ সালের দিকে স্বরজিতের ৪৫.৭৫ জমি কিনেছিলাম। তারা আমার বিরুদ্ধে যে অভিযোগ করেছেন, সেটা মিথ্যা। আপনাদেরকে ওনারা ভূল বোঝাচ্ছেন। তিনি বলেন,আমরা জমি কিনে নামজারি করছিলাম না। ভূল বশত অন্য দাগ রেকর্ড হয়ে যায়। জমি নিয়ে মিলমিশ করতে চাইলেও তারা বসতে চাই না। বাধ্য হয়ে আদালতে মামলা করেছি। আদালত থেকে আমি প্রাথমিক ভাবে একটা রায়ও পেয়েছি।

## কোটচাঁদপুরে শেখ কামালের

খান বাবলু, সহ সভাপতি লুৎফর রহমান, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান পিংকি খাতুন, পৌরসভার সংরক্ষিত মহিলা কাউন্সিলার গাজী তানজিমা, পৌর আঃলীগের সাধারণ সম্পাদক রিপন মন্ডল, ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান খান, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম আহবায়ক জাকির হোসেন লিমন সহ উপজেলা ও পৌরসভা আওয়ামী লীগ সহ সকল অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

## রাজনৈতিক দলগুলোর মধ্যে সংলাপ

ঘিরে বিরাজমান রাজনৈতিক সংকট নিরসনে সকল দলগুলোতে সংলাপ ও সমঝোতার আহ্বান জানান।

## মেহেরপুরে শেখ কামালের

প্রতিষ্ঠানের পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করা হয়। পরে সেখানে বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল সহ বঙ্গবন্ধু পরিবারের সকলের আত্নার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

## কালীগঞ্জে শেখ কামালের ৭৪তম

সভাকক্ষে এসভার আয়োজন করা হয়। কালীগঞ্জ উপজেলা পরিষদের আয়োজনে দিনের শুরুতেই বঙ্গবন্ধু প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন, কেক কাটা ও খাবার বিতরন করা হয়। এ সময়ে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার, কালীগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর সিদ্দিকী ঠান্ডু, উপজেলা ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী, সহকারী কমিশনার(ভূমি) হাবিবল্লাহ হাবিব,প্রানী সম্পদ কর্মকর্তা রেজাউল করিম,উপজেলা নির্বাহী প্রকৌশলী(এলজিইডি) আবুল কালাম আজাদ,কালীগঞ্জ থানার ওসি মাহবুবুর রহমান,কালীগঞ্জ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের স্টেশন অফিসার মামুনুর রশিদ,নির্বাচন অফিসার আলমগীর হোসেন, রাখালগাছি ইউনিয়নের চেয়াম্যান মাহিদুল ইসলাম মন্টু,বীর মুক্তিযোদ্ধা কমান্ডার হেলাল সর্দার, সমাজকর্মী শিবুপদ বিশ্বাসসহ বিভিন্ন ইউনিয়ন থেকে আগত চেয়ারম্যানগণ ও বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারীগণ উপস্থিত ছিলেন। ১৯৪৯ সালের এই দিনে শেখ কামাল তদানীন্তন গোপালগঞ্জ মহকুমার টুঙ্গীপাড়া গ্রামে জন্মগ্রহন করেন এবং ১৯৭৫ সালের ১৫ই আগস্টের কালরাত্রিতে মাত্র ২৬ বছর বয়সে নির্মম-নিষ্ঠুর বর্বরোচিত হত্যাযজ্ঞের শিকার হয়ে মারা যান।

## পোষ্য কোটায় শর্ত শিথিলের

নুন্যতম ৩০ নম্বর প্রাপ্ত শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবেন বলে বিজ্ঞপ্তি প্রকাশ করে কর্তৃপক্ষ। এতে পরীক্ষায় ন্যূনতম পাশ নম্বর (৩০) প্রাপ্ত মুক্তিযোদ্ধা, প্রতিবন্ধি, নৃ-গোষ্ঠী, উপ-জাতি, হরিজন দলিত জনগোষ্ঠী, খেলোয়াড় এবং পোষ্য কোটার শিক্ষার্থীদের বিভাগীয় শর্তপূরণ সাপেক্ষে ভর্তির জন্য আবেদন করার নির্দেশনা দেয়া হয়। যার ফলে ক্ষুব্ধ হয়ে উঠেছেন বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারীরা। কারণ পোষ্য কোটা থাকা সত্ত্বেও শর্তপূরণ না করতে পারায় তাদের সন্তানরা বিশেষ সুবিধায় ভর্তি হতে পারছেন না।

কর্মকর্তা সমিতির সভাপতি এটিএম এমদাদুল আলম বলেন, পৌষ্য কোটায় আমাদের ছেলে-মেয়েদের ভর্তি করাবো এটা আমাদের অধিকার। আমরা দীর্ঘদিন ধরে উপাচায্যের কাছেহ অনুরোধ করে আসছি। তিনি বলেন, প্রশাসনের কাছে অনেকবার স্মারকলিপি দিয়েছি। তাঁরা বিষয়টি আমলে নিচ্ছে না। সুষ্ঠু ও নিয়মতান্ত্রিকভাবে প্রশাসন চলুক এটাই আমাদের চাওয়া। এছাড়া দাবি আদায় না হলে আরও কঠোর কর্মসূচি গ্রহণ করা হবে বলে জানান তিনি।

## গাংনীতে শহীদ ক্যাপ্টেন শেখ

গাংনী উপজেলা সভা কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এর আগে শহীদ ক্যাপ্টেন শেখ কামালের প্রতিকৃতিতে ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) নাদির হোসেন শামীম। এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান এম এ খালেক, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাক, সাবেক উপজেলা চেয়ারম্যান এডভোকেট শফিকুল আলম, যুবলীগ সভাপতি মোশারফ হোসেন সহ সরকারি কর্মকর্তা রাজনৈতিক ও জনপ্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

## অনলাইন ক্লাস বন্ধের দাবিতে ইবি

সাশ্রয়ের এ তথ্য জানান। এতে প্রতি মাসে প্রশাসনের প্রায় ৯ লাখ টাকা আর্থিক সাশ্রয় হবে বলে উল্লেখ করেন।

এসময় উপস্থিত ছিলেন বাংলাদেশ ছাত্র ইউনিয়ন ইবি সংসদের সভাপতি ইমানুল সোহান, সাধারণ সম্পাদক মোখলেসুর রহমান সুইট, ,যুগ্ম সাধারণ সম্পাদক উদয় দেবনাথ, সহ সভাপতি মেহেদী রাফি ,দপ্তর সম্পাদক আহসান হাবীব রানা, অর্থ সম্পাদক নুর আলমও ইমতিয়াজ আহমেদ ইমন, আসিফ রহমান প্রমুখ।

এ বিষয়ে ছাত্র ইউনিয়নের ইবি সংসদের সাধারণ সম্পাদক মোখলেসুর রহমান সুইট দাবি করেন,ওইসলামী বিশ্ববিদ্যালয়ের প্রশাসন সাধারণ শিক্ষার্থীদের স্বার্থ জলাঞ্জলি দিয়ে অনলাইন ক্লাস নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। এছাড়া তাঁরা বলেছে সেদিন পরীক্ষা নিতে পারবে না। এ সিদ্ধান্তের কারণে সেশনজট নামের ভয়াল কালসাপ আমাদের গ্রাস করতে চলছেœ

এ বিষয়ে ছাত্র ইউনিয়ন ইবি সংসদের সভাপতি ইমানুল সোহান বলেন, ওবিশ্ববিদ্যালয় প্রশাসনের এ হটকারি ও অযৌক্তিক সিদ্ধান্ত বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীরা প্রত্যাখ্যান করেছে। বিশ্ববিদ্যালয় প্রশাসন জ্বালানি সাশ্রয়ের নামে নিয়মিত ক্লাস পরীক্ষা বন্ধের সিদ্ধান্ত নিলেও ইভেনিং কোর্সের ক্লাস কিন্তু বন্ধ হয়নি। সাধারণ শিক্ষার্থীদের ঠকিয়ে তারা ইভেনিং কোর্সের নামে টাকার ব্যবসা কিন্তু ঠিকই খোলা রেখেছে। অতিসত্বর এই সিদ্ধান্ত প্রত্যাহারের জোর দাবী জানাচ্ছি। না হয় আমরা সাধারণ শিক্ষার্থীদের সাথে নিয়ে দূর্বার আন্দোলন গড়ে তুলবো।

## বাগেরহাটের ফকিরহাটে জমি লিখে

গ্রামে। আহত বাবা-হলেন, বাগেরহাটের ফকিরহাট উপজেলার মূলঘর ইউনিয়নের রাজপাট গ্রামের নুর মোহাম্মদ সিকদারের ছেলে মোহাম্মদ আলী সিকদার ও ছোট ভাই ইমরান সিকদার। তারা ফকিরহাট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা নিয়ে ফকিরহাট মডেল থানায় লিখত অভিযোগ দায়ের করেন।

ভূক্তভোগী মোহাম্মদ আলী সিকদার বলেন আমার তিন ছেলে আমাকে কোনো ভরণ-পোষণ দেয় না। আমার জায়গা-জমি তাদের লিখে দেওয়ার জন্য প্রায়ই আমাকে মারধর করতে আসে অকথ্য ভাষায় গালাগাল করে। বাড়িঘর ভাংচুর ও ঘরে রক্ষিত মালামাল ভাংচুর করে। গাছপালা কেটে নিয়ে যায়। মূলঘর ইউপি চেয়ারম্যান হিটলার গোলদার এই জায়গা জমি নিয়ে বিরোধ এর সালিশ শেষে বাড়ী যাওয়ার পরপরই এই হামলার ঘটনা ঘটে।

এ বিষয়ে ভুক্তভুগি ইমরান শিকদার বলেন, আমার সৎ ভাই একটু জায়গা বেশি পাওয়ার আশায় আমার উপর প্রায় চটে উঠে আমাকে হুমকি-ধুমকি দিয়ে আসছে, এ সমস্যা নিয়ে চেয়ারম্যান, মেম্বর ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ সালিস করলেও না মেনে আমার উপর হামলা করছে এ ঘটনার সুষ্ঠু একটা বিচার হওয়া দরকার তাই আমি আইনের সহায়তা নিয়েছি।

এ বিষয়ে ফকিরহাট মডেল থানার অফিসার ইনচার্জ মুঃআলিমুজ্জামান (ওসি)বলেন, এ ঘটনার সাথে জড়িতদের তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে। এলাকার সচেতন মহলের দাবি অতি দ্রুত অপরাধীদের আওতায় এনে দৃষ্টান্ত মূলক সাজার আওতায় আনা হোক।

## দামুড়হুদায় যথাযোগ্য মর্যাদায়

চাকমা, কালো পতাকা উত্তোলন করেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন। এসময় উপস্থিত ছিলেন শহিদ পরিবারের সন্তানরা, দামুড়হুদা উপজেলা পরিষদ, জেলা মহিলা লীগ, জেলা যুবলীগ, জেলা ছাত্র লীগসহ স্থানীয় বিভিন্ন সংগঠন শহিদ বেদিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান এবং শহিদের জন্য দোয়া মাহফিল করা হয়।

## শেখ কামাল জাতীয় ক্রীড়া পরিষদ

আব্দুস সাদেক আজীবন সম্মননায় ভূষিত হয়েছেন।

নারী ফুটবল দলের অধিনায়ক সাবিনা খাতুন, ক্রিকেটার তাসকিন আহমেদ ও দক্ষিণ এশীয় স্বর্ণপদক জয়ী ভারোত্তোলক জিয়ারুল ইসলাম ক্রীড়াবিদ ক্যাটাগরিতে পুরস্কার পেয়েছেন।

টেবিল টেনিস খেলোয়াড় মুহতাসিম আহমেদ হৃদয় এবং হকি কেলোয়াড় আমিরুল ইসলাম উদীয়মান ক্রীড়াবিদ পুরস্কার পেয়েছেন।

এদিকে ক্রীড়া সংগঠক ক্যাটাগরিতে তৃণমূল হকি সংগঠক ফজলুল ইসলাম এবং কাসিন্দুর সরকারি স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ মালা রানী সরকারকে এ পুরস্কার দেওয়া হয়।

খন্দকার তারেক মো.নুরুল্লাহ ক্রীড়া সাংবাদিক পুরস্কার পেয়েছেন। বাংলাদেশ তীরন্দাজ ফেডারেশন ক্রীড়া সংস্থা/ফেডারেশন/সংগঠক পুরস্কার এবং বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ব্যাংকস (বিএবি) স্পোর্টস স্পন্সর অ্যাওয়ার্ড পেয়েছে।

বিএবি'র পক্ষে মো. নজরুল ইসলাম মজুমদার ও চৌধুরী নাফিজ সারাফাত পুরস্কার গ্রহণ করেন।

এছাড়া, মন্ত্রনালয় এই প্রথমবারের মতো শেখ কামাল এনএসসি পুরস্কারে ক্রীড়া ধারাভাষ্যকার ক্যাটাগরি অন্তর্ভূক্ত করেছে। এ ক্যাটাগরিতে ক্রীড়া ধারাভাষ্যকার পুরস্কার পেলেন জাতীয় দলের সাবেক ক্রিকেটার ও ক্রিকেট ধারাভাষ্যকার আতাহার আলী খান।

## আজ আওয়ামী লীগের বর্ধিত

জনপ্রতিনিধিদের সঙ্গে বৈঠক করবেন আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গণভবনের এ সভায় আওয়ামী লীগের সব সংসদ সদস্য, জেলা ও উপজেলা পরিষদের চেয়ারম্যান, সিটি করপোরেশন এবং পৌরস-ভার মেয়ররাও বর্ধিতসভায় উপস্থিত থাকবেন। সহযোগী সংগঠনের সভাপতি-সাধারণ সম্পাদকদের এ সভায় উপস্থিত থাকতে বলা হয়েছে। বর্ধিতসভায় সবাইকে সঙ্গে নিয়ে উপস্থিত থাকার জন্য জরুরি সাংগঠনিক নির্দেশনা প্রদান করেছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।

আওয়ামী লীগ সূত্র জানিয়েছে, ৬ আগস্ট অনুষ্ঠেয় গণভবনের সভায় ঢাকাসহ জেলায় জেলায় সরকার পতনে বিএনপি যে একদফা আন্দোলনের কর্মসূচি পালন করছে, তা রুখে দিতে নেতাকর্মীদের আহ্বান জানাবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

## আজ ভারত সফরে যাচ্ছেন আওয়ামী

নেতারা ভারতের বিজেপি নেতৃবৃন্দ ও থিঙ্কট্যাঙ্কদের সাথে বিভিন্ন বিষয়ে কথা বলবেন। নির্বাচনের আগে আওয়ামী লীগ নেতাদের এই সফরকে অনেক গুরুত্বপূর্ণ বলেই মনে করা হচ্ছে।

উল্লেখ্য, আগামী মাসেই জি-২০ সম্মেলনে যোগ দিতে ভারত যাবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

## ৪২তম বিসিএস নন-ক্যাডারে

১১০০৭৯৭২, ১১০০৬১৩০, ১৬০০০৭৩৪, ১৩০০০৮০৯, ১১০০৭১৮৬, ১৩০০০১০৭, ১১০১১০৪৮, ১২০০১৭৮৪, ১৭০০০৭৭৪, ১২০০০৩১৬, ১৪০০০৬৫২, ১১০০০১৮৯, ১৫০০০২৪৫, ১১০০৭৮১১ ও ১৫০০০৫০২। নিয়োগের আগে নিয়োগকারী কর্তৃপক্ষ সরকারি সিদ্ধান্ত অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা, শিক্ষাগত যোগ্যতার সনদ, অন্যান্য ডকুমেন্টসের সত্যতা যাচাই এবং সুপারিশের পূর্ববর্তী জীবনবৃত্তান্ত যথাযথ এজেন্সি কর্তৃক যাচাইয়ের পর নিশ্চিত হয়ে সুপারিশপ্রাপ্তদের নিয়োগ প্রদান করা হবে।

পরবর্তী যে কোনো সময় সাময়িকভাবে সুপারিশকৃত কোনো প্রার্থীর যোগ্যতার শর্তের অপূর্ণতা থাকলে, দুর্নীতি, জালিয়াতি, অসত্য তথ্য প্রদান বা অন্য কোনো ক্ষেত্রে, যেমন যাচিত সনদ/ প্রত্যয়ন/ কাগজপত্রাদি যথাযথ না থাকলে বা কোনো গুরুতর ত্রুটি পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রার্থীর সাময?িক সুপারিশ বাতিল করা হবে। চাকরিতে নিয়োগের পরও কোনো অনিয়ম প্রকাশ বা প্রমাণ হলে প্রার্থীকে চাকরি থেকে বরখাস্ত করা ছাড়াও প্রার্থীর বিরুদ্ধে উপযুক্ত আইনি ব্যবস্থা নেওয়া হবে।

সুপারিশকৃত প্রার্থীদের নন-ক্যাডার পদে অনলাইন আবেদনপত্রের ডাউনলোডেড কপি ৬ থেকে ১৪ আগস্টের মধ্যে এই ই-মেইলে docsubmit@bpsc.gov.bd পাঠাতে হবে।

করোনার প্রেক্ষাপটে ২০২০ সালে ৪২তম বিশেষ বিসিএসের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছিল। এই বিসিএসের মাধ্যমে ৩ হাজার ৯৫৭ জন চিকিৎসককে ক্যাডার পদে নিয়োগ দেওয়া হয়েছে।

## স্বল্প সময়ে ন্যায়বিচার নিশ্চিতের

কথা বলেন। অনুষ্ঠানে প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকী মামলার বিচারে বিলম্ব হওয়া প্রসঙ্গে বলেন, একজন মানুষ যদি বছরের পর বছর আদালতে ঘোরেন, ন্যায়বিচার না পান আর তিনি যদি বলেন, এ দেশে বিচার-আচার নেই, তাহলে সেটি অন্যায় হবে না। এই যশোরের আদালতেও ২০ বছরের বেশি সময় ধরে মামলা পেন্ডিং রয়েছে। ওই লোকগুলোকে আমরা ন্যায়বিচার দিতে পারিনি। এর জন্যে দায়ী কে? হয় বিচারক, নইলে আইনজীবী। আমার মনে হয়, বিচারক, আইনজীবী এবং প্রসেস দায়ী। তিনি বলেন, এ দেশের মানুষকে এগিয়ে নিতে হলে জুডিশিয়ারিকে শক্তিশালী করতে হবে। আর জুডিশিয়ারিকে শক্তিশালী করতে হলে বার ও বেঞ্চের মধ্যে একটা গভীর বোঝাপড়ার মধ্য দিয়ে যেতে হবে। অন্যথায় ন্যায়বিচার সম্পন্ন সম্ভব হবে না। তিনি আইনজীবীদের উদ্দেশে বলেন, আপনারা বেঞ্চকে সহায়তা করবেন। কেননা ওইসব দুর্দশাগ্রস্ত মানুষ আমাদেরই স্বজন। অর্থনীতির চালিকাশক্তি দেশের কৃষক-শ্রমিকের কথা উল্লেখ করে তিনি বলেন, 'যুদ্ধপরবর্তী সময়ে দেশের সাড়ে সাত কোটি মানুষের খাবারের সংস্থান হতো না। ১৯৭৪ সালের দুর্ভিক্ষের কথা অনেকের মনে আছে। কিন্তু আজ সাড়ে ১৭ কোটি মানুষের খাবারের ব্যবস্থা করছেন দেশের কৃষক-শ্রমিক, বিশেষ করে গার্মেন্টস শ্রমিক আর প্রবাসী রেমিট্যান্স যোদ্ধারা।

## শেখ কামালের জন্মবার্ষিকী উপলক্ষে

৫ টাকার ডাটা কার্ড সম্বলিত একটি স্যুভেনির শিট উন্মোচন করেন তিনি। এ উপলক্ষে শেখ হাসিনা একটি বিশেষ সিলমোহরও ব্যবহার করেন। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন- ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী মোস্তাফা জব্বার, ডাক ও টেলিযোগাযোগ সচিব আবু হেনা মোরশেদ জামান এবং ডাক অধিদপ্তরের মহাপরিচালক মো. হারুনুর রশীদ। ডাকটিকিট ও উদ্বোধনী খাম গতকাল শনিবার থেকে ঢাকা জিপিওর ফিলাটেলিক ব্যুরো থেকে বিক্রি করা হচ্ছে। পরে সারাদেশের অন্যান্য জিপিও ও প্রধান ডাকঘরগুলোতেও পাওয়া যাবে।

## কাপ্তাই হ্রদে নৌযান চলাচলে

চলাচল বন্ধ রাখা রয়েছে। একই সঙ্গে পর্যটক ভ্রমণকারী ছোট ছোট বোটগুলোও বন্ধ রাখার নির্দেশনা দেওয়া হয়েছে। জেলা প্রশাসক মোহাম্মদ মোশারফ হোসেন খান স্বাক্ষরিত চিঠিতে বলা হয়েছে, রাঙামাটি জেলায় চলমান অতিবৃষ্টি ও পাহাড়ী ঢলের কারণে জানমালের নিরাপত্তার স্বার্থে ৫ আগস্ট থেকে পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত সব ধরনের নৌযান চলাচল বন্ধ থাকবে। তবে আইনশৃঙ্খলা এবং জরুরী সরকারি কাজে নিয়োজিত নৌযান সমূহ নিষেধাজ্ঞার আওতামুক্ত থাকবে। রাঙামাটি লঞ্চ মালিক সভাপতি মো. সেলিম উদ্দিন বলেন, নির্দেশনা অনুযায়ী যাত্রীদের নিরাপত্তার জন্য উপজেলার সঙ্গে লঞ্চ চলাচল বন্ধ রাখা হয়েছে। পর্যটন ঘাটের ট্যুরিস্ট বোট ইজারাদার মো. রমজান আলী বলেন, পর্যটকদের নিরাপত্তার কথা বিবেচনা করে জেলা প্রশাসক কার্যালয় থেকে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত থাকায় বোট চলাচল বন্ধ রাখতে বলা হয়েছে। আমরাও বোট চলাচল বন্ধ রেখেছি। তবে পর্যটক আসছে তারাও হ্রদে ঘুরতে না পেরে ফিরে যাচ্ছে। রাঙামাটি আবাহওয়া অফিসের তথ্য মতে, জেলায় গত ২৪ ঘণ্টায় ৭৭.২২ মিলিমিটার এবং গত ৪৮ ঘণ্টায় ১৭১ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। এদিকে পাহাড় ধসের ঝুঁকি এড়াতে শহরে মাইকিং করা হচ্ছে। পাহাড়ে ঝুঁকিতে বসবাসকারীদের জন্য শহরে ১৯টি আশ্রয়কেন্দ্র প্রস্তুত রাখা রয়েছে।

## বাংলাদেশের নির্বাচনের জন্য ফেসবুক

নির্দিষ্ট পদ্ধতি অবলম্বন করে। নির্বাচনের স্বকীয়তা যেন বজায় থাকে, সে লক্ষ্যে তারা সরকার, বিভিন্ন নাগরিক সংগঠন ও এনজিওগুলোর সঙ্গে 'গঠনমূলক সংলাপ ও নিয়মিত যোগাযোগ' বজায় রাখে।

মেটার 'গুজব, বিদ্বেষমূলক বক্তব্য ও ক্ষতিকর কন্টেন্ট' সম্পর্কিত বৈশ্বিক নীতিমালার অংশ এটি। এছাড়া নির্বাচন সুষ্ঠু হওয়ার স্বার্থে, গুজব মোকাবেলা করতে ও ক্ষতিকর কন্টেন্টের বিরুদ্ধে ফেসবুকসহ মেটার প্ল্যাটফর্মগুলোতে কী পদক্ষেপ নেয়া হচ্ছে, সেটিও উল্লেখ করা হয় মেইলে।

বিবৃতিতে দাবি করা হয়, কোনো নির্বাচন যেন সুষ্ঠু হয়, ত নিশ্চিত করা মেটার অন্যতম উদ্দেশ্যগুলোর একটি। এর জন্য গত কয়েক বছরে কর্মীদের প্রশিক্ষণ ও প্রযুক্তি তৈরির পেছনে অর্থ বিনিয়োগ করেছে।

তারা বাংলাদেশের নির্বাচনকে সামনে রেখে এরই মধ্যে বিভিন্ন ক্ষেত্রে কর্মরত ব্যক্তিদের প্রস্তুত করছে। প্রস্তুতির অংশ হিসেবে মেটার সঙ্গে থাকা অনলাইন নিরাপত্তা, রাজনৈতিক বিজ্ঞাপন ও কমিউনিটি স্ট্যান্ডার্ড বিষয়ের বিশেষজ্ঞদের প্রশিক্ষণ ও প্রয়োজনীয় জিনিসপত্রও দেয়া হয়েছে।

## বাড়ির সামনে প্রায় হাঁটুসমান

মেয়রের বাড়ির উঠান ও সামনের রাস্তা প্রায় হাঁটুসমান পানিতে ডুবে আছে। মেয়রকে বহনকারী একটি রিকশা সেই পানি পেরিয়ে বাড়িতে প্রবেশ করে। মেয়রের রিকশার পাশে ও পেছনে লোকজন ছিলেন। একজনকে ছাতা ধরে থাকতে দেখা যায়। সিটি করপোরেশন সূত্র জানায়, শনিবার সকালে নগরের টাইগারপাসে সিটি করপোরেশনের অস্থায়ী প্রধান কার্যালয়ের সম্মেলনকক্ষে বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। এতে অংশ নেওয়ার জন্য মেয়র মো. রেজাউল করিম চৌধুরী সকালে নগরের বহদ্দারহাটের বাড়ি থেকে সিটি করপোরেশন কার্যালয়ে আসেন। সভা শেষে গাড়ি করে বহদ্দারহাটে যান। বাড়ির সামনে পানি থাকায় মূল সড়ক থেকে রিকশা নেওয়া হয় মেয়রের জন্য। সে রিকশায় চড়ে মেয়র বাড়িতে প্রবেশ করেন। এদিকে চট্টগ্রাম নগরে টানা দ্বিতীয় দিনের মতো জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে। আজ শনিবার ভোরের বৃষ্টিতে নগরের বিভিন্ন এলাকা পানিতে ডুবে যায়। অন্যান্য এলাকার মতো নগরের বহদ্দারহাটে সিটি করপোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর বাড়ির উঠান ও সামনের রাস্তায় পানি জমেছিল। বেলা ৩টায়ও নগরের অনেক এলাকায় পানি নামেনি। আগের দিন শুক্রবারও বৃষ্টিতে রাস্তাঘাট ও অলিগলি ডুবে গিয়েছিল। টানা দুদিনের জলাবদ্ধতায় স্থানীয় বাসিন্দাদের দুর্ভোগ পোহাতে হয়। নগরের বহদ্দারহাট, চকবাজার, চান্দগাঁও, ফরিদার পাড়া, বারইপাড়া, ডিসি সড়ক, কে বি আমান আলী সড়ক, শুলকবহর, মুরাদপুর, বাদুরতলা, কাপাপগোলা, কাতালগঞ্জ, ফুলতলী, বউবাজার, রাহাত্তর পুল, কালাম মিয়া বাজার, খাজা রোড, খতিবের হাট, রিয়াজউদ্দিন বাজার, দুই নম্বর গেট, আল ফালাহ গলিতে জলাবদ্ধতা সৃষ্টি হয়। জলাবদ্ধতার কারণে স্থানীয় বাসিন্দা ও জরুরি প্রয়োজনে ঘর থেকে হওয়া লোকজনকে ভোগান্তিতে পড়তে হয়। চট্টগ্রাম আবহাওয়া কার্যালয়ের তথ্য অনুযায়ী, চট্টগ্রামে শুক্রবার বেলা তিনটা থেকে শনিবার বেলা তিনটা পর্যন্ত ৭৭ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে।

## জোরপূর্বক নির্বাচন করতেই ডিসি

আবার জোর করে নির্বাচন করার জন্য।

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর প্রশাসনকে উদ্দেশ্য করে বলেছেন, সঠিকভাবে দায?িত্ব পালন করুন। দেশ ও জনগণের পক্ষে থাকুন। অন্যায় আদেশ মানবেন না। নিপীড়িত জনগণের পাশে থাকুন।

গতকাল শনিবার দুপুরে জাতীয় প্রেসক্লাবের সামনে এক প্রতিবাদ সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বিএনপি ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ও তার স্ত্রী জোবাইদা রহমানের বিরুদ্ধে ফরমায়েশি রায়ের প্রতিবাদ এ সমাবেশের আয়োজন করে জাতীয়তাবাদী সম্মিলিত পেশাজীবী পরিষদ।

গুম করে খুন করে হয়রানি করে বাংলাদেশের মানুষের যে স্বাধীনতার আকাঙ্ক্ষা স্তব্ধ করা যাবে নাড় এমন মন্তব্য করে মির্জা ফখরুল বলেন, এটা আমাদের অন্তর্গত শক্তি। একসময় মুক্তিযুদ্ধ করে দেশ স্বাধীন করেছি। এখন গণতন্ত্রের জন্য, বাকস্বাধীনতা জন্য ফ্যাসিবাদের বিরুদ্ধে লড়াই করছি।

তিনি বলেন, আওয়ামী লীগ গণতন্ত্র বিশ্বাস করে না, বাকস্বাধীনতা বিশ্বাস করে না। যদি বিশ্বাসই করত তা হলে তারা এ দেশকে গণতন্ত্রকামী রাষ্ট্র পরিণত করার জন্য চেষ্টা করত। এরা দুবার জোর করে ভোট করে দেশে নির্বাচনিব্যবস্থাকে ধ্বংস করে হাস্যকর অবস্থায় ক্ষমতা দখল করে আছে।

আওয়ামী লীগ আবার পাঁয়তারা করে যাচ্ছে আগের মত নির্বাচন করে তারা ক্ষমতায় যেতে চাচ্ছে এমন অভিযোগ করে বিএনপি মহাসচিব বলেন, তারা ডিসি-এসপি রদবদল, প্রশাসনিক কর্মকর্তাদের পদোন্নতিড় এগুলো দিয়ে যাচ্ছে আবার জোর করে নির্বাচন করার জন্য। এবার আর সেটা হবে না বাংলাদেশের মানুষ জেগে উঠেছে। বাংলাদেশের মানুষ প্রমাণ করতে সক্ষম হয়েছে এ দেশের গণতন্ত্র নেই। গত দুটি নির্বাচনে সম্পূর্ণভাবে চুরি-ডাকাতি হয়েছে। এবারের ভোটে অবশ্যই জনগণের মাধ্যমে ভোট দিয়ে নির্বাচিত হতে হবে। তিনি বলেন, সরকারকে পদত্যাগ করতে হবেভ কারণ এই সরকার ক্ষমতায় থাকলে সুষ্ঠু নির্বাচন হবে না জানিয়ে তিনি বলেন, কারণ এখনই এরা ঘরে থাকতে দেয় না রাতে বাড়ি বাড়ি গিয়ে হয়রানি ও গ্রেফতার করা শুরু হয়েছে। গায়েবি মামলা দিয়ে যাচ্ছে। জামিন পাওয়ার পরও গ্রেফতার করা হচ্ছে। মির্জা ফখরুল বলেন, স্রোতের মতো বন্যার পানির মতো মানুষ আসছে, মানুষের এই দুর্বার আন্দোলন তরঙ্গের পর তরঙ্গ সৃষ্টি করে একদলীয় শাসককে পরাজিত করতে হবে। আজ শুধু আমরা একাই নই, সব রাজনৈতিক দল বলছেড় এই সরকার থাকতে সুষ্ঠু নির্বাচন সম্ভব নয়।

আজকে বিচার বিভাগের মাধ্যমে সবচেয়ে বেশি নিপীড়ন করা হচ্ছে।, জামিন দিচ্ছে না এমন অভিযোগ করে তিনি বলেন, গায়েবি মামলায় কারাগারে আটক রাখা হচ্ছে। কারাগারে আরেক নির্যাতন।

দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh



# ইবিতে সাধারণ শিক্ষার্থীদের আন্দোলন

**ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি :** ইসলামী বিশ্ববিদ্যালয়ে কর্মকর্তাদের আন্দোলনের পর বিভিন্ন দাবিতে আন্দোলন করেছে সাধারণ শিক্ষার্থীরা। শনিবার সকাল সাড়ে ১০ টায় প্রশাসন ভবনের সামনে প্রায়অর্ধশত শিক্ষার্থী নিয়ে আন্দোলন করা হয়। আন্দোলন শেষে উপাচার্য কার্যালয়ে উপস্থিত হয়ে প্রশাসনের কাছে শিক্ষার্থীরা তাঁদের দাবি তুলে ধরেন। বিষয়গুলো খুবই যৌক্তিক ও সমস্যা সমাধান করতে সবগুলোর কাজই ইতিমধ্যে চলমান বলে জানিয়েছেন উপাচার্য।



শিক্ষার্থীদের দাবিগুলো হলো পোষ্য কোটায় নির্ধারিত নাম্বার নির্ধারণ করা,বিভিন্ন দপ্তরে কর্মকর্তা কর্তৃক শিক্ষার্থীদের হেনেস্তা বন্ধ, প্রশাসন ভবনে সার্টিফিকেট উত্তোলনের সময় ভোগান্তি নিরসন, দ্রুত ই-ব্যাংকিং চালু। এর বাহিরে প্রসঙ্গ টেনে তারা নিরবিচ্ছিন্ন ওয়াই-ফাই সেবা ও পরিবহন সেবায় ভোগান্তির কথা তুলে ধরেন। এ বিষয়ে আইন বিভাগের শিক্ষার্থী কামাল হোসেন শিক্ষার্থীদের দাবিগুলো তুলে ধরে বলেন, ‹পোষ্যকোটায় ভর্তিতে নাম্বার নির্ধারণ করতে হবে। প্রশাসন ভবনে আমরা যে পরিমাণ হেনেস্তা ও ভোগান্তির শিকার হই তা বন্ধ করতে হবে। ব্যাংকিং খাতে যে ভোগান্ড়ি দ্রুত ব্যাংক কর্তৃপক্ষের সাথে কথা বলে তা সমাধান করতে হবে।

এছাড়া তিনি আরো বলেন, ‹আমরা আসলে বিশ্ববিদ্যালয়ে আন্দোলন করতে এসেছি, না পড়াশোনা করতে এসেছি। আমাদের প্রতিটি সমস্যা সমাধান করতে হলে আন্দোলন ছাড়া সমাধান হয় না কেনো?›

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শেখ আব্দুস সালাম বলেন, ‹শিক্ষার্থীদের আজকের এই দাবিগুলো আমার মনে দোলা দিয়েছে। আমি আশ্বাস দিচ্ছিনা, তবে এতটুকু বলছি ই-ব্যাংকিং সেবার কাজ প্রায় শেষের দিকে। কর্মকর্তাদের দ্বারা ভোগান্তির শিকার বিষয়টা শুনলাম। সবার সাথে কথা বলে দেখি। ইতিমধ্যেই সমস্যাগুলোর সমাধানের চেষ্টা চলমান, যা প্রায় শেষের দিকে।

### হত্যা নাকি আত্নহত্যা.? জনমনে প্রশ্ন

# মেহেরপুরে এক গৃহবধুর ঝুলন্ত মরদেহ উদ্ধার

**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুর সদর উপজেলার ঝাউবাড়িয়া নওদাপাড়ায় নাজমা খাতুন (৩৮) নামের একজন গলায় ফাঁস নিয়ে আত্মহত্যা করে মারা গেছে। শুক্রবার দিবাগত রাতের কোন এক সময় এই ঘটনা ঘটে। নাজমা খাতুন মেহেরপুর সদর উপজেলার আলমপুর গ্রামের নাজিমুদ্দিনের মেয়ে এবং সদর উপজেলার ঝাউবাড়িয়া গ্রামের হাফিজুল ইসলামের স্ত্রী। নিহত নাজমা খাতুনের ভাই নাঈমুর রহমানের দাবি এটি আত্মহত্যা নয় নাজমা খাতুন কে হত্যা করা হয়েছে। হত্যার অভিযোগ তোলেন নাজমা খাতুন এর স্বামী হাফিজুল ইসলাম এর বিরুদ্ধে। হাফিজুল ইসলাম মেহেরপুর সদর উপজেলার ঝাউবাড়িয়া গ্রামের মৃত ছাদের হাজরার ছেলে। নাঈমুর রহমান বলেন আমার বোনকে মাঝে মাঝেই তার স্বামী হাফিজুল ইসলাম মারধর করতেন। কিছুদিন আগে সে মার খেয়ে আমাদের বাসায় চলে এসেছিল। পরে আবারো সে স্বামীর বাড়ি ফিরে যায় এবং আজ ভোরের দিকে তাকে হত্যা করা হয়েছে। নাঈমুর রহমান আরো বলেন যদি আত্মহত্যায় হয় তবে তারা যেই ঘরে বসবাস করতেন সেই ঘরে দেওয়াল, মেজে এবং ছাদে ওঠার সিঁড়িতে কেন রক্তপাওয়া গেল? কেন রক্তের ছাপ রয়েছে? তাই এটিকে হত্যা বলে দাবি করছেন তিনি। সরজমিন পরিদর্শন করে এই ঘটনার সত্যতা পাওয়া গেছে। ঘরের দেয়াল, মেজে ও সিঁড়িতে রয়েছে রক্তের ছাপ।



এই ঘটনার পর থেকেই নাজমা খাতুনের স্বামী হাফিজুল ইসলাম পলাতক রয়েছে, তার সাথে কোনোভাবেই যোগাযোগ করা সম্ভব হয়নি। মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সাইফুল ইসলাম বলেন ঘটনাস্থল পরিদর্শন করেছি, মামলার প্রস্তুতি চলছে। লাশটি ময়নাতদন্তে পাঠানো হবে, ময়নাতদন্তে রিপোর্ট পেলে বিস্তারিত জানা যাবে।




# গাংনীতে ‘সুজন’ এর মানববন্ধন অনুষ্ঠিত

**গাংনী প্রতিনিধিঃ** রাজনৈতিক দলসমূহের মধ্যে সংলাপ ও সমঝোতোর আহবানে মেহেরপুরের গাংনীতে সুশাসনের জন্য নাগরিক ‶সুজনচ এর উদ্যোগে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকাল ১১টার দিকে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলা পরিষদের সামনে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন মেহেরপুর জেলা ‶সুজনচ এর সাধারণ সম্পাদক ও লুৎফুন্নেছা (গোপালনগর) মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ জাকির হোসেন। এসময় বক্তব্য রাখেন ‶সুজনচ এর গাংনী উপজেলা শাখার সভাপতি ও গাংনী সরকারী ডিগ্রী কলেজের সাবেক সহকারি অধ্যাপক আব্দুর রশীদ, উপজেলা সুজন এর সাধারণ সম্পাদক এবং করমদী কলেজের প্রভাষক আবু সায়েম পল্টু, জেলা ওয়ার্কার্স পার্টির সভাপতি কমরেড আব্দুল মাবুদ, দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশ এর গাংনী এরিয়া সমন্বয়কারী হেলাল উদ্দীন প্রমুখ। আয়োজনটি সঞ্চালনা করেন-গাংনী উপজেলা ‶সুজনচএর অন্যতম সদস্য ও রাইপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুর রহমান।

মানববন্ধনে বক্তারা বলেন, কোন হানাহানি না করে রাজনৈতিকদলগুলোকে সমঝোতার মাধ্যমে একটি সুষ্ঠ ও নিরপেক্ষ নির্বাচনে অংশগ্রহণ করতে হবে।

# রংপুরে স্ত্রীকে কুপিয়ে হত্যার পর স্বামীর আত্মহত্যা

**স্টাফ রিপোর্টার :** রংপুরের কাউনিয়ায় স্ত্রীকে কুপিয়ে হত্যার পর আত্মহত্যা করেছেন স্বামী। গতকাল শনিবার সকালে উপজেলার মীরবাগ ধর্মেশ্বর ড্রাইভারপাড়া থেকে স্বামী রবিন্দ্র চন্দ্র বর্মনের (৫৫) লাশ উদ্ধার করা হয়। এদিকে গত শুক্রবার রাতে স্ত্রী শোভা রানী রায়কে (৪৫) কুপিয়ে জখম করেন রবিন্দ্র। পরে হাসপাতালে নিলে মারা যান তিনি। রবিন্দ্র ওই এলাকার দুর্গা চন্দ্র বর্মনের ছেলে। স্থানীয়রা জানান, গত শুক্রবার রাতের খাওয়া শেষে ঘুমাতে যান স্বামী-স্ত্রী। রাত ১টার দিকে পারিবারিক বিষয় নিয়ে দুজনের মধ্যে বাকবিতণ্ডা হয়। একপর্যায়ে রবিন্দ্র ঘরের কাঁথা বালিশ বাইরে বের করে আগুন ধরিয়ে দেন। পরে ঘরে ঢুকে হাতে থাকা দা দিয়ে শোভার মাথায় এলোপাথাড়ি কোপাতে থাকেন। এ সময় রবিন্দ্রের ছোট ভাই চেতন রায় ও চাচাতো ভাই গোপাল এগিয়ে গেলে তাদেরও কুপিয়ে জখম করেন। এতে চেতনের কান কেটে যায় এবং গোপালের পিঠে ও হাতের আঙুলে চোট লাগে।

# মেরিন ড্রাইভ সড়কে ভাঙন

**স্টাফ রিপোর্টার :** কক্সবাজার-টেকনাফ মেরিন ড্রাইভ সড়কের অন্তত ১৫টি স্থানে তীব্র ভাঙন দেখা দিয়েছে। বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপ ও পূর্ণিমার জোয়ারের প্রভাবে সাগর বেশ উত্তাল হওয়ায় গত বৃহস্পতিবার দুপুর থেকে ভাঙন দেখা দেয়। এর মধ্যে টেকনাফের মুন্ডার ডেইল ও ক্ষুরের মুখ এলাকায় দুই কিলোমিটার সড়কে চারটি বড় ভাঙন সৃষ্টি হয়েছে। পশ্চিম মুন্ডার ডেইল এলাকায় ৫০ ও ১০০ মিটার সড়ক প্রায় সাগরে বিলীন হয়ে গেছে। পাশের ক্ষুরের মুখ এলাকায়ও একইভাবে পিচঢালা সড়কের অর্ধেক সাগরে চলে গেছে। স্থানীয় জনপ্রতিনিধি ও এলাকার লোকজন বলছেন, দ্রুত ভাঙন ঠেকানো না গেলে সড়ক যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়বে। পাশাপাশি ঝুঁকির মুখে পড়বে সেখানকার প্রায় দুই হাজার পরিবার। প্রসঙ্গত কক্সবাজার শহর থেকে টেকনাফ পর্যন্ত ৮৪ কিলোমিটার মেরিন ড্রাইভ সড়ক। সড়কটির দেখভালের দায়িত্বে আছে বাংলাদেশ সেনাবাহিনীর ইঞ্জিনিয়ারিং কোরের একটি ইউনিট। সংশ্লিষ্টরা জানিয়েছেন, বৃহস্পতিবার সন্ধ্যা থেকে সেনাবাহিনীর সদস্যরা সড়কের ভাঙন ঠেকানোর কাজ শুরু করেছেন। তবে জোয়ার এলে কাজ বন্ধ রাখতে হচ্ছে। জানা গেছে, মেরিন ড্রাইভের হিমছড়ি, ইনানীর পাটুয়ারটেক ও টেকনাফ অংশের কয়েকটি স্থান ভাঙনের ঝুঁকিতে আছে। সাগরের ঢেউয়ের চাপে এসব এলাকায় জিওটিউব ছিঁড়ে সড়কে আঁচড়ে পড়ছে। টেকনাফের মুন্ডার ডেইলে দেখা যায়, ১০০ থেকে ১৫০ মিটার সড়কের অর্ধেক বা আরও বেশি অংশ সাগরের ভাঙনে বিলীন হয়েছে। গত বছরও বর্ষা মৌসুমে একই এলাকায় ভাঙন দেখা দিয়েছিল। স্থানীয় লোকজন অভিযোগ করেন, সাগর থেকে দুই-তিন বছর ধরে প্রভাবশালীরা অবাধে বালু উত্তোলন করছে। এতে এখানে ভাঙন দেখা দিয়েছে। টেকনাফ উপকূলীয় বন বিভাগের রেঞ্জ কর্মকর্তা বশির আহমেদ খান বলেন, সড়কের বিভিন্ন অংশে সাগরের ভাঙনে ঝাউগাছ উপড়ে গেছে। সাবরাং ইউনিয়ন পরিষদের সদস্য মো. সেলিম জানান, দ্রুত ভাঙন ঠেকানো সম্ভব না হলে সাবরাং ট্যুরিজম পার্ক ও অর্থনৈতিক অঞ্চলের সঙ্গে মেরিন ড্রাইভ সড়কে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়বে। তার মতে, আজ-কালের মধ্যে ভাঙা অংশগুলো মেরামত করে বন্ধ করতে না পারলে জোয়ারের আঘাতে সড়কটি বিলীন হয়ে যেতে পারে। টেকনাফ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. কামরুজ্জামান বলেন, দুই-তিন দিন ধরে পূর্ণিমার প্রভাবে জোয়ারের পানির উচ্চতা স্বাভাবিকের চেয়ে কয়েক ফুট বেড়েছে। এতে মেরিন ড্রাইভের বিভিন্ন অংশে ভাঙন দেখা দিয়েছে।





# মাহবুরের খাদ্যনালির পথ বন্ধ প্রয়োজন এক লাখ টাকা

**অভয়নগর প্রতিনিধি :** যশোরের অভয়নগরে দিনমজুর হতদরিদ্র মাহাবুরের (৪৫) খাদ্যনালির নির্গমন পথ বন্ধ হয়ে গেছে। খাদ্যনালির নির্গমন পথ তৈরি করতে প্রয়োজন এক লাখ টাকা। আর্থিক সহায়তা পেতে সকলের সহযোগিতা কামনা করেছে তার পরিবার। মাহাবুর উপজেলার ধোপাদী গ্রামের নতুন বাজার এলাকার হোসেন আলীর ছেলে। অভয়নগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে মৃত্যুর প্রহর গুনছে দিনমজুর হতদরিদ্র মাহাবুর।

চিকিৎসাধীন মাহাবুর বলেন, দিনমজুরের কাজ করতাম। ঠিকমত সংসার চালাতে না পারায় ডাক্তার দেখাতে পারিনি। কিছুদিন আগে অসুস্থ হয়ে পড়লে পরিবারের সদস্যরা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা শেষে ডাক্তার জানান খাদ্যনালির পথ সম্পুর্ণ বন্ধ হয়ে গেছে। প্রাথমিক অবস্থায় একটি ছোট অপারেশন করে পাইপের মাধ্যমে তরল খাবার খাওয়ানোর ব্যাবস্থা করা হয়েছে। দ্রুত অপারেশন করাতে হবে। তিনি আরও বলেন, ডাক্তারের মতে ‘অপারেশন করাতে প্রায় এক লাখ টাকা খরচ হবে। যে টাকা আমার পক্ষে সংগ্রহ করা অসম্ভব। আমার অসুস্থতার কারনে সংসারের খরচ যোগাতে একমাত্র ছেলে লেখাপড়া ছেড়ে কাজে যোগ দিয়েছে। জমানো টাকা স্ত্রীর স্বর্ণালংকার বিক্রি করে এতদিন চিকিৎসার খরচ চালানো হয়েছে। এখন ওষুধ কেনার টাকা পর্যন্ত নেই।’

মাহাবুরের অপারেশনের জন্য সমাজের বিত্তবান ও হৃদয়বান ব্যাক্তিরা সহযোগিতার হাত বাড়িয়ে দিবেন এই আবেদন করেছে তার অসহায় পরিবার। আর্থিক সহায়তার জন্য মাহাবুরের নিজস্ব বিকাশ নম্বর-০১৯১৬-০৫১৬৪১।

# মধুহাটি ইউনিয়নে চেয়ারম্যানের অফিস ভাংচুর, থানায় জিডি

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ সদরে মধুহাটি ইউনিয়নে চান্দুয়ালি বাজারে চেয়ারম্যান আলতাফ হোসেন বিশ্বাসের অফিস ভাংচুর করা হয়েছে। এ ঘটনায় ঝিনাইদহ সদর থানায় সাধারন ডায়েরি করেছেন মধুহাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলতাফ হোসেন বিশ্বাস। জিডিতে মৃত আফজালের ছেলে মাসুদ, মশিয়ারের ছেলে সজল, বাজার গোপালপুর খালেকের ছেলে মিল্টন, বিল্লাল গনির ছেলে ইনামুল ওরফে ডুবার ও কোটচাঁদপুর রুদ্রপুর গ্রামের আসাদুলের ছেলে জনির নাম উল্লেখ করা হয়।



মধুহাটি ইউনিয়নে বর্তমান চেয়ারম্যান ঝিনাইদহ সদর থানার জিডিতে উল্লখ করেছেন, শুক্রবার আনুমানিক রাত সাড়ে ১০ টার দিকে চান্দুয়ালি বাজারে আমার ব্যাক্তিগত অফিসে ১৫/২০ যুবক অতর্কিত ভাবে, দলবদ্ধ হয়ে হামলা করে আমার অফিস এলাকায় এসে আমার পিতা মাতার নামে অকথ্য ভাষায় গালি গালাজ করে। এসময় অফিসের ভিতরে থাকা চেয়ার, টেবিলসহ বিভিন্ন জিনিস পত্র ভাংচুর করে ব্যাপক ক্ষয় ক্ষতি করা হয়।

এবিষয়ে জানতে চাইলে বাজার গোপালপুর ক্যাম্পের সহকারি পরিদর্শক মোঃ বদর উদ্দিন জানান, খবর পেয়ে গতকাল শুক্রবার রাত ১১ দিকে চান্দুয়ালি বাজারে গিয়েছিলাম। চেয়ারম্যানের অফিসে বেশ কয়েকটি চেয়ার ও টেবিল ভাংচুরের ঘটনা দেখে এসেছি। ভাংচুরের ঘটনায় ঝিনাইদহ সদর থানায় যাদের নামে ডায়েরি করেছে। ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা জিডির বিষয়টি নিশ্চিত করেছেন।



# বন্দর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শেখ কামালের জন্মবার্ষিকী পালন

**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুরের বন্দর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৪তম জন্মবার্ষিকী পালন করা হয়েছে। জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। শনিবার সকাল সাড়ে নয়টার দিকে সদর উপজেলার বন্দর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভার সভাপতিত্ব করেন, বন্দর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আবু লায়েছ লাবলু। এসময় সহকারী শিক্ষক মোঃ শরিফুল ইসলাম, মোছাঃ ফিরোজা পারভীন, রোজিনা খাতুন ও মোছাঃ সাজেদা খাতুন প্রমুখ বক্তব্য রাখেন। আলোচনা সভার পরে রচনা এবং চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সংগীত অনুষ্ঠানের আয়োজন করা হয়।

# ওয়ার্কশপে হাত হারানো শিশু নাঈমের ক্ষতিপূরণের বিষয় মীমাংসার নির্দেশ

**নিজস্ব প্রতিবেদক :** কিশোরগঞ্জের ভৈরবে ওয়ার্কশপে ডান হাত হারানো শিশু নাঈম হাসান নাহিদের চিকিৎসা ও ক্ষতিপূরণ সংক্রান্ত বিষয়ে আদালতের বাইরে সুরাহা (মিমাংসা) করার নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। ডেপুটি অ্যাটর্নি জেনারেল শেখ মোহাম্মদ সাইফুজ্জামান জামানকে বিষয়টি মধ্যস্থতা করতে বলেছেন আদালত। সেই সঙ্গে নুর ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপের মালিকের কী ধরনের ব্যবসা ও কত টাকার অর্থসম্পদ রায়েছে সে তথ্য জানাতে বলেছেন হাইকোর্ট। একই সঙ্গে রিটের ওপর জারি করা রুলের পরবর্তী শুনানির জন্য আগামী বুধবার দিন ঠিক করেছেন হাইকোর্ট। গতকাল শনিবার ডেপুটি অ্যাটর্নি জেনারেল শেখ মোহাম্মদ (এসকে) সাইফুজ্জামান জামান বিষয়টি নিশ্চিত করেন। এ-সংক্রান্ত বিষয়ে শুনানির নির্ধারিত দিনে বুধবার হাইকোর্টের বিচারপতি কেএম কামরুল কাদের ও বিচারপতি মোহাম্মদ শওকত আলী চৌধুরীর সমন্বয়ে গঠিত বেঞ্চ এ আদেশ দেন। আদালতে এদিন রিটের পক্ষে শুনানি করেন ব্যারিস্টার অনিক আর হক। তাকে সহযোগিতা করেন অ্যাডভোকেট মোহাম্মদ বাকীর উদ্দিন ভূইঁয়া। অন্যদিকে নুর ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপের পক্ষে শুনানিতে ছিলেন সিনিয়র অ্যাডভোকেট মো. কামরুল ইসলাম। তাকে সহযোগিতা করেন অ্যাডভোকেট আবদুল বারেক খোকন। আর রাষ্ট্রপক্ষের শুনানিতে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল শেখ মোহাম্মদ (এসকে) সাইফুজ্জামান জামান। এর আগে শুনানিতে রিটকারী আইনজীবী উচ্চ আদালতের নির্দেশনায় ভৈরবের কলকারখানা পরিদর্শক পরিদর্শন করে তার তদন্ত প্রতিবেদন।

# দামুড়হুদায় বীর মুক্তিযোদ্ধা শেখ কামালের জন্মবার্ষিকী উদযাপন

**এম নুরুন্নবী, দামুড়হুদা :** দামুড়হুদায় বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৪তম জন্মবার্ষিকী উপলক্ষে পুস্তবক অর্পণ, দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। শনিবার সকাল সাড়ে ১০টার দিকে দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামালের প্রতিকৃতিতে পুস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন দামুড়হুদা উপজেলা পরিষদ-প্রশাসন, বীর মুক্তিযোদ্ধা উপজেলা সংসদ, উপজেলা আওয়ামীলীগ, দামুড়হুদা মডেল থানা, দর্শনা থানা, দামুড়হুদা প্রেসক্লাব, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদ সহ বিভিন্ন প্রতিষ্ঠান। পরে দোয়া মাহফিল শেষে আলোচনা সভা অনুষ্ঠিত হয় দামুড়হুদা উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে। আলোচনা সভার সভাপতি দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সজল কুমার দাসের সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা হেলেনা জাহাঙ্গীর, উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার, বীর মুক্তিযোদ্ধা আছির উদ্দীন, দামুড়হুদা আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজের অধ্যক্ষ কামাল উদ্দীন, দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো আলমগীর কবির, দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বিপ্লব কুমার, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী। উপজেলা সমবায় অফিসার হারুণ অর রশিদের সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সমাজসেবা কর্মকর্তা তোফাজ্জল হক, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন, উপজেলা শিক্ষা কর্মকর্তা আবু হাসান, উপজেলা আইসিটি প্রোগ্রামর আরিফুল ইসলাম সহ বিভিন্ন দফতের কর্মকর্তা, জনপ্রতিনিধি ও সাংবাদিকবৃন্দ। দোয়া অনুষ্ঠান পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা মডেল মসজিদের ইমাম মুফতি মামুনুর রশীদ।



# গাংনীতে র‍্যাবের অভিযানে ৫০ বোতল ফেনসিডিলসহ ২জন আটক

**গাংনী প্রতিনিধিঃ** মেহেরপুরের গাংনীতে র‍্যাবের অভিযানে ২জনকে আটক করা হয়েছে। এসময় তাদের কাছ থেকে ৫০ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়। সেই সাথে মাদক বহন কাজে ব্যবহৃত ১টি মোটরসাইকেল ও তাদের কাছে থাকা ১হাজার টাকা জব্দ করা হয়। আটককৃতরা হলেন-গাংনী উপজেলার কল্যাণপুর গ্রামের মৃত শামসুদ্দীন বিশ্বাসের ছেলে শরিফুল বিশ্বাস (৩৬) ও একই গ্রামের হেলাল বিশ্বাসের ছেলে সবুজ বিশ্বাস (২৫)। শনিবার দুপুর ১২ টার দিকে র‍্যাব-১২ মেহেরপুরের গাংনীস্থ ক্যাম্পের সদস্যরা উপজেলার তেঁতুলবাড়ীয়া ইউনিয়নের রামদেবপুর গ্রামের চার রাস্তার মোড়ে অভিযান পরিচালনা করে।

অভিযানে শরিফুল ও সবুজকে আটক করা হয়। এসময় তাদের কাছ থেকে ফেনসিডিল উদ্ধার করা হয়। অভিযানে নেতৃত্ব প্রদান করেন র‍্যাব-১২ (গাংনী) ক্যাম্পের কমান্ডার ও সহকারি পুলিশ সুপার মনিরুজ্জামান। ক্যাম্প কমান্ডার ও সহকারি পুলিশ সুপার মনিরুজ্জামান জানান, রামদেব গ্রামের চার রাস্তার মোড়ে মাদক পাঁচার হচ্ছে এমন গাপেন সংবাদের ভিত্তিতে ওই স্থানে অভিযান পরিচালনা করা হয়। অভিযানের সময় র‍্যাবের উপস্থিতি টের পেয়ে একটি মোটেরসাইকেলে করে দুইজন ব্যক্তি ফেনসিডিল নিয়ে পালাচ্ছিল। এসময় তাদের আটক করা হয়। তাদের মোটরসাইকেলের উপর রাখা বস্তা তল্লাশি করে ৫০ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়। সেই সাথে মোটেরসাইকেল ও ১ হাজার টাকা জব্দ করা হয়।



# মুক্তিযোদ্ধা প্রজন্ম লীগ মেহেরপুর জেলা কমিটির মুজিবনগর স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পন

**মেহেরপুর প্রতিনিধিঃ** বাংলাদেশ আওয়ামী মুক্তিযোদ্ধা প্রজন্ম লীগ মেহেরপুর জেলা আহবায়ক কমিটির পক্ষ থেকে মুজিবনগর স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পন করা হয়েছে। শনিবার বিকেলে জেলা কমিটির আহবায়ক তারিকুল ইসলাম রাজিব ও সদস্য সচিব ননী গোপাল সাহার নেতৃত্বে পুষ্পমাল্য অর্পণ করা হয়। এসময় জাতির পিতা বঙ্গবন্ধু, তার পরিবার ও সকল শহীদদের স্মরণে এক মিনিট নিরাবতা পালন করা হয়।



মুক্তিযোদ্ধা প্রজন্ম লীগ মেহেরপুর জেলা শাখার যুগ্ম আহবায়ক মোঃ মাহাবুব জামান সোহাগ, ইফতেখার হোসেন সবুজ, মোঃ রাজিব, মোঃ মোস্তাফিজুর রহমান, মোঃ সুজাউদ্দিন সুজন, মোঃ রাজু আহমেদ, মোঃ সোহানুর রহমান শাওন, আহবায়ক কমিটির সদস্য মোঃ রুবেল ইসলাম, মোঃ আরিফুল ইসলাম বাদশা, সজিব আহমেদ, সাহিদুল ইসলাম বিপুল, সোহেল রানা, মোঃ তরিকুল ইসলাম ইলিয়াস, মোঃ রহিদুল ইসলাম উপস্থিত ছিলেন।

# জাতিসংঘের তত্ত্বাবধানে নির্বাচন চায় সমমনা জোট

**স্টাফ রিপোর্টার :** জাতীয়তাবাদী সমমনা জোটের সমন্বয়ক ও এনপিপির চেয়ারম্যান ড. ফরিদুজ্জামান ফরহাদ বলেছেন, শেখ হাসিনা সরকারের অধীনে এ দেশে কোনো নির্বাচন হবে না। জনগণ আর কোনো প্রহসনের নির্বাচন হতে দেবে না। নির্বাচন হতে হবে নির্দলীয় নিরপেক্ষ সরকারের অধীনে। প্রয়োজনে জাতিসংঘের তত্ত্বাবধানে নির্বাচন হতে হবে। গতকাল শনিবার দুপুরে রাজধানীর পুরানা পল্টন মোড় সংলগ্ন আল রাজি কমপ্লেক্সের সামনে এক প্রতিবাদ সমাবেশে সভাপতির বক্তব্যে এসব কথা বলেন তিনি। বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ও তার স্ত্রী ডা. জুবাইদা রহমানকে সাজা দেওয়ার প্রতিবাদে জাতীয়তাবাদী সমমনা জোটের উদ্যোগে এ সমাবেশ হয়। ফরিদুজ্জামান ফরহাদ বলেন, শেখ হাসিনা ও আওয়ামী লীগ জিয়া পরিবার ও বিএনপিকে অত্যন্ত ভয় পায়। কারণ সুষ্ঠু নির্বাচন হলে এবং বিএনপি নির্বাচনে থাকলে আওয়ামী লীগ কখনো জয়লাভ করতে পারবে না। সে কারণে বিএনপিকে নিশ্চিহ্ন করতে নানা ষড়যন্ত্র করছে। তারেক রহমান ও ডা. জুবাইদা রহমানের বিরুদ্ধে এ রায় তারই অংশ। জাতীয়তাবাদী সমমনা জোট এ ফরমায়েশি রায়ের নিন্দা জানায়। তিনি বলেন, শেখ হাসিনা সরকারের পদত্যাগ ও নির্দলীয় নিরপেক্ষ সরকারের অধীনে নির্বাচনের একদফা দাবিতে আন্দোলন চলছে। জনগণ ইতোমধ্যে এ আন্দোলনে সম্পৃক্ত হয়েছে। ফলে ছয়-নয় করে বেশি দিন ক্ষমতায় থাকা যাবে না। সরকারের পতন অতি সন্নিকটে।



# চট্টগ্রাম নগরীতে জলাবদ্ধতা

**স্টাফ রিপোর্টার :** পাঁচ দিনের টানা বৃষ্টিতে চট্টগ্রাম নগরীর নিচু এলাকাগুলোয় জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে। গতকাল শনিবার দ্বিতীয় দিনের মতো ডুবে ছিল নগরীর সড়ক ও অলিগলি। পানি প্রবেশ করে বাসা-বাড়ি ও বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানে। ডুবেছে চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর বাড়িও। তিনি গতকাল শনিবার সকাল থেকে নিজ বাড়িতেই পানিবন্দি হয়ে পড়েন। চট্টগ্রাম আবহাওয়া অফিসের সহকারী আবহাওয়াবিদ উজ্জ্বল কান্তি নাথবলেন, গতকাল শনিবার সকাল ৬টা থেকে দুপুর ১২টা পর্যন্ত ৫৭ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। পাশাপাশি সকাল ৯টা ৪৬ মিনিট থেকে কর্ণফুলী নদীতে জোয়ার শুরু হয়েছে। ভাঁটা হবে বিকাল সোয়া ৩টায়। তিনি জানান, নিম্নচাপের কারণে এ বৃষ্টিপাত হচ্ছে। বৃষ্টি আরও কয়েক দিন অব্যাহত থাকতে পারে। যেসব এলাকায় ভারি বৃষ্টিপাত হবে সেসব এলাকায় পাহাড় ধসের সম্ভাবনা রয়েছে। সরেজমিন দেখা গেছে, নগরীর মুরাদপুর থেকে বহদ্দারহাট পর্যন্ত হাঁটু থেকে কোমর সমান পানি জমেছে সড়কে। পানিতে সিএনজিচালিত অটোরিকশাসহ বহু যানবাহন বিকল হয়ে দাঁড়িয়ে আছে। সড়কের দুই পাশে যানবাহনের দীর্ঘ জট সৃষ্টি হয়েছে। পানি ঢুকেছে বহদ্দারহাট পানি উন্নয়ন বোর্ডের পানি ভবনের নিচতলায়। চট্টগ্রাম ওয়াসার নিচতলায়ও পানি ঢুকেছে। মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর বাড়ির সামনের সড়কে কোমর সমান পানি। তার বাড়িতেও পানি ঢুকেছে। বহদ্দারহাট এলাকার প্রতিটি অলিগলিতে হাঁটু থেকে কোমর সমান পানি জমেছে। গতকাল শনিবারও পানি ঢুকেছে চাকতাই-খাতুনগঞ্জের বিভিন্ন পণ্যের গুদামে। নগরীর বাদুরতলা, বাকলিয়া মাস্টার পোল, কমার্স কলেজ এলাকায় বাসা-বাড়িতে পানি প্রবেশের পাশাপাশি বহু ব্যবসা প্রতিষ্ঠানে পানি ঢুকে নষ্ট হয়েছে পণ্য। এ ছাড়া নগরীর বাকলিয়া মিয়াখান নগর, চকবাজার, ষোলশহর, হালিশহর, মুরাদপুর, চান্দগাঁও, বলিরহাট, ছোট পুল, বড় পুল, মা ও শিশু হাসপাতাল এলাকা, সিডিএ আবাসিক এলাকা, শান্তিবাগ আবাসিক, রিয়াজুদ্দিন বাজার, মেহেদীবাগ, ষোলশহর ২ নম্বর গেট এলাকাসহ নগরীর বিভিন্ন স্থানে জলাবদ্ধতায় সকাল থেকে পানিবন্দি হয়ে পড়েছে মানুষ।